১৩০৭	"	রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
১৩০৮	"	রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
১৩০৯	"	রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
১৩১০	"	রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
১৩১১	"	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ
১৩১২	"	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ
১৩১৩	"	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

সহকারী সম্পাদক।

১৩০২	শ্রীযুক্ত	মহেন্দ্রনাথ বিদ্যানিধি
১৩০৩	"	মহেন্দ্রনাথ বিদ্যানিধি
১৩০৪	"	কুঞ্জবিহারী বসু, বি এ
	"	চারুচন্দ্র ঘোষ
১৩০৫	"	চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
	"	প্রতুলচন্দ্র বসু
১৩০৬	"	হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ
	"	ব্যোমকেশ মুস্তফী
১৩০৮	"	হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ
	"	ব্যোমকেশ মুস্তফী
১৩০৯	"	মন্মথমোহন বসু, বি এ
	"	ব্যোমকেশ মুস্তফী
১৩১১	"	মন্মথমোহন বসু, বি এ
	"	ব্যোমকেশ মুস্তফী
	"	নিত্যগোপাল বসু (শ্রাবণ পর্য্যন্ত)
১৩১২	"	মন্মথমোহন বসু, বি এ
	"	ব্যোমকেশ মুস্তফী

„ কিশোরীমোহন সিংহ

১৩১৩ „ মন্মথমোহন বসু, বি এ

„ ব্যোমকেশ মুস্তফী

পত্রিকা সম্পাদক।

১৩০১ শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত

১৩০২ „ রজনীকান্ত গুপ্ত

১৩০৩ „ রজনীকান্ত গুপ্ত

„ নগেন্দ্রনাথ বসু

১৩০৪ „ নগেন্দ্রনাথ বসু

১৩০৫ „ নগেন্দ্রনাথ বসু

১৩০৬ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

১৩০৭ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

১৩০৮ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

১৩০৯ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

১৩১০ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ

১৩১১ „ নগেন্দ্রনাথ বসু

১৩১২ „ নগেন্দ্রনাথ বসু

১৩১৩ „ নগেন্দ্রনাথ বসু প্রত্নতত্ত্বনিধি

ন্যাসরক্ষক।

মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী কর্ত্তৃক প্রদত্ত ভূমিদানপত্রের নির্দ্দিষ্ট ১৩০৭ সালে নিযুক্ত ভূমি সম্পত্তিরক্ষক ট্রষ্টি বা ন্যাস-রক্ষকগণ—

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ, (দীঘাপতিয়া)

„ রায় প্রমথনাথ চৌধুরী, (সন্তোষ)

„ „ যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, (টাকী)

„ রবীন্দ্রনাথ ঠাকুর (কলিকাতা)

„ হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্ (কলিকাতা)

দলিল-রক্ষক।

এটর্ণি শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্।

গৃহনির্ম্মাণ তহবিল-রক্ষক।

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি, এল্।

সাধারণ তহবিলের ধনরক্ষক।

(১৩১২।১৩) শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্

৬। ত্রয়োদশ বর্ষের উন্নতির সংক্ষিপ্ত বিবরণ।

(ক) বর্ষশেষে সভ্যসংখ্যা।

১৩০১	১০৩
১৩০২	২৪১
১৩০৩	৩১৪
১৩০৪	৩৪২
১৩০৫	৩৪৬
১৩০৬	৩৫২
১৩০৭	৫২৩
১৩০৮	৫৯৮
১৩০৯	৬৩৫
১৩১০	৬৭০
১৩১১	৭১০
১৩১২	৭৬৪
১৩১৩	৭৮৩

(গ) বার্ষিক আয়

সাল	আয়
১৩০১	৬৩২৸০
১৩০২	—
১৩০৩	১৪০১।০
১৩০৪	১০১২॥০
১৩০৫	১৪৫৪৸৴১০
১৩০৬	১৫৮৫৸৶০
১৩০৭	২৩৭৮৸৴০
১৩০৮	২৯০৯৴০
১৩০৯	২৫৯৯৶০
১৩১০	৩০৪৭॥০
১৩১১	৩৭০৫৴০
১২১২	৩২৪৮।৴০
১৩১৩	৩৭২৬৸৴০

এই হিসাবে কেবল মাসিক চাঁদা, প্রবেশিকা ও পুস্তক বিক্রয়ের আয় ধরা হইয়াছে। বিশেষ কারণে প্রাপ্ত দানাদি বা অন্যবিধ আয় ধরা হয় নাই।

(ঘ) পুস্তকালয়।

১৩০১	গ্রন্থসংখ্যা	...	...	১৯০
১৩০২	"	..	...	২৫৪
১৩০৩	"	...	...	৩১৬
১৩০৪	"	...	...	৪৯২
১৩০৫	"	...	...	৭৯২
১৩০৬	"	...	...	৮৫৮
১৩০৭	"	.	...	১২৫৯
১৩০৮	"	..	..	২২৭৩
১৩০৯	"	..	..	২৮৩৬
১৩১০	"	..	...	৫০৯০
১৩১১	"	...	...	৩৩২২
১৩১২	"	...		৩৭৮৯
১৩১৩	"			৪৩৬৬

এই হিসাবে হাতে লেখা পুঁথির সংখ্যা ধরা হয় নাই। বার্ষিক-কার্য্য-বিবরণীতে প্রকাশ যে ত্রয়োদশ বর্ষের শেষে ৫৩৫ খানি পুঁথি পরিষৎ-পুস্তকালয়ে রক্ষিত ছিল।

(ঘ) বিবিধ দান।

শ্রীযুক্ত মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী, গৃহনির্ম্মাণার্থ ভূমি ।৴ সাত কাঠা (১৩০৮ সাল)

শ্রীযুক্ত কুচবিহারাধিপতি, রিজার্ভ তহবিলে দান (১৩০৮ সাল) ৫০০৲

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, (১৩০৬) 'অদ্বৈতবাদ' প্রবন্ধের জন্য ৫০০৲

(১৩০৫) 'প্রাচীন ও নব্য ন্যায়', প্রবন্ধের জন্য ২৫০৲

শ্রীযুক্ত মন্মথচন্দ্র মল্লিক ব্যারিষ্টার (১৩০৬) 'আর্য্য হিন্দুজাতির সমাজ বন্ধন' বিষয়ে কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার ৫০০৲

গ্রন্থপ্রকাশ-তহবিলে দান। (১৩০২)

শ্রীযুক্ত সার্ মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর	১৫০৲
" সার্ রমেশচন্দ্র মিত্র	১০০৲
" রবীন্দ্রনাথ ঠাকুর	১০০৲
" হীরেন্দ্রনাথ দত্ত	১০০৲
" হেমচন্দ্র গোস্বামী	১০০৲
শ্রীমতী রাণী মৃণালিনী	৫০৲

„ জাহ্নবী চৌধুরাণী	৫০৲
শ্রীযুক্ত রাজা বনবিহারী কপূর	৫০৲
„ কানাইলাল খাঁ	৫০৲
„ ননীমোহন বন্দ্যোপাধ্যায়	৫০৲
„ নন্দলাল গোস্বামী	৫০৲
শ্রীযুক্ত রাজা রাজেন্দ্রনারায়ণ রায়	২০০৲
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী (১৩০৭ সালে গ্রন্থাবলী মুদ্রণার্থ সাহায্য,	২৫০৲
„ রাজা যোগেন্দ্রনারায়ণ রায় (লালগোলা) (১৩১০) গ্রন্থপ্রকাশার্থ ১ম দান	৩০০৲
(১৩১১) গ্রন্থপ্রকাশার্থ ২য় দান	৩০০৲
(১৩১২) গ্রন্থপ্রকাশার্থ ৩য় দান	৩০০৲
(১৩১৩) গ্রন্থপ্রকাশার্থ ৪র্থ দান	৩০০৲
শ্রীযুক্ত ললিতমোহন বন্দ্যোপাধ্যায় (পুলিস ইন্‌স্পেক্টর, ঠাকুর গাঁ, দিনাজপুর) ১৩১১ সালে সাধারণ তহবিলে দান	১০০৲

৭। সাহিত্য-পরিষৎ-গ্রন্থাবলী

১। কৃত্তিবাসী রামায়ণ—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম এ, বি এল সম্পাদক। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ কৃত্তিবাসী রামায়ণের পাঠ উদ্ধার করিয়া অভিনব সংস্কার প্রকাশে সঙ্কল্প করিয়াছেন। বহুদিনের প্রাচীন হস্তলিখিত পুথিব্যতীত মূল কৃত্তিবাসী রামায়ণের পাঠোদ্ধারের সম্ভাবনা নাই। সেরূপ পুথি এ পর্য্যন্ত সংগ্রহ করিতে না পারায়, অযোধ্যাকাণ্ড ও উত্তরাকাণ্ড ব্যতীত অন্যান্য কাণ্ডের প্রকাশ এ পর্য্যন্ত ঘটিয়া উঠে নাই। কৃত্তিবাসের কীর্ত্তিরক্ষাই বাঙ্গালীর গৌরব। আশা করা যায়, মফঃস্বলবাসীরা প্রাচীন গ্রন্থের অনুসন্ধান পাইলে, অনুগ্রহপূর্ব্বক পরিষৎ-কার্য্যালয়ে তাহা প্রেরণ করিবেন।

(ক) অযোধ্যাকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত ৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ।০ চারি আনা।

(খ) উত্তরকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত ২৯৮ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ১৲ এক টাকা। পরিষদের সভ্যগণের পক্ষে উভয় খণ্ড একত্র ১৲ এক টাকা।

২। পীতাম্বর দাসের রসমঞ্জরী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু সম্পাদক। এই রসমঞ্জরীতে নায়ক-নায়িকার বর্ণনচ্ছলে রাগানুগা ভক্তি উপদেশ দেওয়া হইয়াছে এবং প্রাচীন গ্রন্থ হইতে প্রাচীন পদকর্ত্তাদের পদ উদ্ধৃত করিয়া বিবিধ রসের উদাহরণ দেওয়া

হইয়াছে। পীতাম্বর দাস অতি প্রাচীন গ্রন্থকার। মূল্য ।৵৹ আনা; পরিষদের সভ্যগণের পক্ষে ।৹ চারি আনা মাত্র।

৩। **বিজয় পণ্ডিতের মহাভারত**—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু সম্পাদিত। অল্পদিন পূর্ব্বে কাশীদাসী মহাভারতই বাঙ্গালায় পরিচিত ছিল। প্রধানতঃ সাহিত্য-পরিষদের যত্নে এ পর্য্যন্ত বাইশ জন বাঙ্গালী মহাভারতকারের অস্তিত্ব আবিষ্কৃত হইয়াছে। তন্মধ্যে অনেকেই কাশীদাস অপেক্ষা প্রাচীন। বিজয় পণ্ডিতের রচিত মহাভারত গ্রন্থ তন্মধ্যে আবার পূর্ব্বাপেক্ষা প্রাচীন। প্রাচীন বাঙ্গালা-সাহিত্যে অনুরাগী সকলেরই এই অতি প্রাচীন গ্রন্থ পাঠ করা উচিত। এই বৃহৎ গ্রন্থ দুই খণ্ডে ৬৪০ পৃষ্ঠায় সম্পূর্ণ। সম্পাদক বিশেষ পরিশ্রম করিয়া প্রাচীন মহাভারতগুলির পরিচয়সহ অতি মূল্যবান দীর্ঘ ভূমিকা লিখিয়াছেন। ঐ ভূমিকা পাঠ করিলে বঙ্গদেশে মহাভারতের কিরূপ আদর ছিল বুঝা যাইবে। মূল্য ১॥৹ দেড় টাকা। সভ্যগণের পক্ষে ১।৹ পাঁচ সিকা।

৪। **শঙ্কর ও শাক্যমুনি**—বিখ্যাত বেদান্তবিৎ পণ্ডিত শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয়ের লিখিত প্রবন্ধ। মূল্য ৵৹ দুই আনা।

৫। **বৌদ্ধধর্ম্ম**—পরিষদের সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর রচিত গবেষণাপূর্ণ প্রবন্ধ। মূল্য ৵৹ দুই আনা।

৬। **রামায়ণ-তত্ত্ব**—এই গ্রন্থের অপ্রকাশিতনামা সঙ্কলনকর্ত্তা অদ্ভুত পরিশ্রমদ্বারা বাল্মীকি-রচিত মূল রামায়ণের মধ্যে যাহা কিছু জ্ঞাতব্য আছে, তাহার সম্পূর্ণ নির্ঘণ্ট (Complete descriptive index) প্রস্তুত করিয়াছেন। রামায়ণের—নায়ক-নায়িকা, দেবদেবী, নরবানর, যক্ষ-রাক্ষস, নদনদী, গ্রাম, পর্ব্বত প্রভৃতি যাবতীয়-নামের রামায়ণ-বর্ণিত পরিচয় সহ সূচীপত্র হইতে লিখিত আছে। কোন নাম বাদ পড়ে নাই। তদ্ভিন্ন রামায়ণে—বর্ণিত রীতি-নীতি, আচার-ব্যবহার, অস্ত্র-শস্ত্র, যাগ-যজ্ঞ, শাস্ত্র-রহস্য, প্রভৃতি বিষয়ের বিবরণ এই পুস্তকে সঙ্কলিত হইয়াছে। বস্তুতঃ এই পুস্তক নিকটে থাকিলে, পৌরাণিক তত্ত্বান্বেষীর সমগ্র মূল রামায়ণ পাঠের ফল হইবে এবং রামায়ণের মধ্যে কোথায় কি কথা আছে, এই নির্ঘণ্ট দেখিলেই পাওয়া যাইবে। এইরূপ গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে আর নাই। ইউরোপে প্রকাশিত হইলে গ্রন্থকর্ত্তা যথোচিত খ্যাতিলাভ করিতেন। প্রাচীন ঐতিহাসিক ও পৌরাণিক তত্ত্বান্বেষীর পক্ষে এই গ্রন্থ মহামূল্য।—মূল্য প্রথম ভাগ ৸৹ আনা, দ্বিতীয় ভাগ ৸৹ আনা, সভ্যগণের পক্ষে দুই ভাগ একত্রে ১।৹ পাঁচ সিকা।

৭। **বনমালী দাসের জয়দেব-চরিত**—বাঙ্গালা পদ্যে জয়দেবের জীবনচরিত, প্রাচীন গ্রন্থ—পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী কর্ত্তৃক সম্পাদিত ও মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী-কর্ত্তৃক লিখিত ভূমিকা সমেত। পত্রাঙ্ক ৩৪। মূল্য ।৹ চারি আনা।

৮। **ছুটিখানের মহাভারত**—এই বিখ্যাত মহাভারত চট্টগ্রামের প্রাচীন

মুসলমান শাসনকর্ত্তা পরাগল খানের পুত্র ছুটিখানের আদেশে শ্রীকর নন্দী কর্ত্তৃক বিরচিত হইয়াছিল। সাহিত্য-পরিষৎ এই মহাভারত উদ্ধার করিয়া যশস্বী হইয়াছেন। সম্পাদক— পণ্ডিত বিনোদবিহারী কাব্যতীর্থ এবং শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন, বি এ। বৃহৎ গ্রন্থ; পত্রাঙ্ক ১৩৮; মূল্য ১৲ এক টাকা।

৯। জয়ানন্দের চৈতন্যমঙ্গল—চৈতন্যদেবের এই জীবনচরিতে অনেক নূতন ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। চৈতন্যদেবের তিরোভাবের বিবরণ অন্য কোথাও পাওয়া যায় না; এই গ্রন্থে উহার বিস্তৃত বিবরণ আছে। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু পরিষৎ-পত্রিকায় এই গ্রন্থের বিবরণ প্রথমে প্রকাশ করেন। তৎপরে এই গ্রন্থের বহু আলোচনা হইয়াছে। সম্পাদক— শ্রীযুক্ত নগেন্দনাথ বসু ও ৺ কালিদাস নাথ। পত্রসংখ্যা ২৫২; মূল্য ৸৹ বার আনা।

১০। মাণিক গাঙ্গুলির ধর্ম্মমঙ্গল—ধর্ম্মপূজা সম্বন্ধে যে কয়েকখানি গ্রন্থ আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে ইহা অত্যন্ত প্রাচীন। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী বঙ্গদেশে ধর্ম্মপূজার ইতিহাস সঙ্কলন করিয়া ও তাহার সহিত বৌদ্ধধর্ম্মের সম্পর্ক আবিষ্কার করিয়া যশস্বী হইয়াছেন; তিনি স্বয়ং এই গ্রন্থের সম্পাদকতার ভার গ্রহণ করিয়াছিলেন। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন "ভারতী" পত্রিকায় পরিষৎ-প্রকাশিত এই গ্রন্থের পরিচয় প্রদান করিয়াছেন। পত্রাঙ্ক ২২৮, রয়াল ফর্ম্মা; মূল্য দেড় টাকামাত্র।

১১। নরোত্তমের রাধিকার মানভঙ্গ—বৈষ্ণবসাহিত্যে সুবিখ্যাত নরোত্তম ঠাকুরের এই নবাবিষ্কৃত মধুর কবিতাবলীর আবিষ্কারক চট্টগ্রামনিবাসী মুন্সী আবদুল করিম। তিনিই ইহার সম্পাদন করিয়াছেন ও মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ইহার ভূমিকা লিখিয়াছেন। পত্রাঙ্ক ২৬; মূল্য ৶৹ তিন আনা।

১২। কৃষ্ণরাম দত্তের রাধিকামঙ্গল।—রাধাকৃষ্ণের লীলাবিষয়ক কাব্য— সম্পাদক চট্টগ্রামবাসী শ্রীযুক্ত রাজচন্দ্র দত্ত। পত্রাঙ্ক ৩০; মূল্য ।৹ চারি আনা।

১৩। গৌর-পদ-তরঙ্গিণী—শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র সম্পাদিত—এই প্রকাণ্ড গ্রন্থে শ্রীচৈতন্য-সম্বন্ধে প্রায় দেড় হাজার প্রাচীন পদ সঙ্কলিত হইয়াছে। এ সকল পদ বঙ্গের বিখ্যাত পদকর্ত্তাদের রচিত। অনেক পদ নূতন প্রকাশিত। পুস্তকের ১৯০ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় ঐ সকল পদকর্ত্তাদের পরিচয় প্রদত্ত হইয়াছে। ঐ ভূমিকায় বৈষ্ণব সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যাইবে। পরিশিষ্টে অপ্রচলিত শব্দের অর্থসহ নির্ঘণ্ট আছে। পত্রাঙ্ক সাড়ে আট শতের অধিক। মূল্য ২৲ দুই টাকা মাত্র।

১৪। কাশী-পরিক্রমা—সচিত্র। ভূকৈলাসের বিখ্যাত মহারাজ জয়নারায়ণ ঘোষাল প্রণীত। এই গ্রন্থে কাশীর অন্তর্গত সমুদয় তীর্থের ও দেবস্থানের পরিচয় আছে। তদ্ব্যতীত অষ্টাদশ শতাব্দীতে কাশীধামের ভৌগোলিক ও সামাজিক অবস্থার অতি উৎকৃষ্ট চিত্র এই গ্রন্থে পাওয়া যাইবে। বাঙ্গালা ভাষায় এই গ্রন্থের দ্বিতীয় নাই। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্র

নাথ বসু যেরূপ পরিশ্রম ও অধ্যবসায় সহকারে এই গ্রন্থের টীকা প্রস্তুত করিয়াছেন, তাহা বিস্ময়জনক। এত পৌরাণিক ও ঐতিহাসিক তথ্যের একাধারে সংগ্রহ অন্যত্র দুর্লভ। লালগোলার বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর এই পুস্তকের সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করিয়া পরিষৎকে ঋণী করিয়াছেন। ৩১২ পত্রাঙ্ক ; মূল্য ৸৹ বার আনা।

১৫। **ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী**—ভাগবত অবলম্বনে কৃষ্ণলীলা-বিষয়ক বৃহৎ কাব্য—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। পত্রসংখ্যা ৪১৯ ; মূল্য ২॥৹ আড়াই টাকা।

১৬। **বাসুদেব ঘোষের পদাবলী**—শ্রীমৃণালকান্তি ঘোষ সম্পাদিত—প্রায় সম্পূর্ণ। মূল্য ৶৹ আনা।

১৭। **নরহরি চক্রবর্ত্তী-প্রণীত ব্রজপরিক্রমা**—চিত্র ও মানচিত্র সহিত। ইহাতে মথুরামণ্ডলের ভৌগোলিক সম্পূর্ণ বিবরণ-সহ বৈষ্ণবপ্রিয় বৃন্দাবন-রহস্য লিপিবদ্ধ হইয়াছে। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বহু পরিশ্রমে বহুমূল্য ভূমিকা, নির্ঘণ্ট ও টীকাসংযোগ করিয়াছেন। লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায়বাহাদুরের অর্থ-সাহায্যে প্রকাশিত। পত্রাঙ্ক ৩৪৬, মূল্য ১৲ এক টাকা।

১৮। **গীতায় ঈশ্বরবাদ**—সমুদয় দর্শনের সারসংগ্রহ সমেত গীতার ঈশ্বরতত্ত্ব—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল প্রণীত। পত্রাঙ্ক ৪০০; মূল্য ১৲ এক টাকা।

১৯। **নব্য-রসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি**—সচিত্র জগদ্বিখ্যাত বৈজ্ঞানিক শ্রীযুক্ত অধ্যাপক প্রফুল্লচন্দ্র রায় ডি, এস্‌সি প্রণীত। পত্রাঙ্ক ৮০ ; মূল্য ॥৶৹।

২০। **রামরামবসুর প্রতাপাদিত্যচরিত**—টীকা ও ভূমিকা সহিত ঐতিহাসিক শ্রীযুক্ত নিখিলচন্দ্র রায় কর্ত্তৃক সম্পাদিত। মূল্য ১॥৹ টাকা।

২১। **শূন্যপুরাণ**—রমাই পণ্ডিত প্রণীত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রত্নতত্ত্বনিধি সম্পাদক। এই গ্রন্থখানি বাঙ্গালার প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মের অবশেষ "ধর্ম্মপূজার" আদি গ্রন্থ এবং ইহা সহস্রাধিক বর্ষ পূর্ব্বে রচিত। ঘনরাম, মাণিক গাঙ্গুলি, সহদেব চক্রবর্ত্তী প্রভৃতি সকল ধর্ম্মমঙ্গল প্রণেতার গ্রন্থ হইতে ইহা বিভিন্ন। ইহাতে লাউসেনের পালাই নাই। ইহাতে হাজার বৎসর পূর্ব্বকার বাঙ্গালা পদ্য ও গদ্যেরও নমুনা আছে। পুস্তক খানি তিন শতাধিক পৃষ্ঠা ; মূল্য ৸৹ আনা।

২২। **অন্ধকবি ভবানীপ্রসাদ বিরচিত দুর্গামঙ্গল**—সম্পাদক শ্রীব্যোমকেশ মুস্তফী। আগামী বৎসর সম্পূর্ণ হইবে।

উল্লিখিত পুস্তক ব্যতীত নিম্নলিখিত পুস্তকগুলি প্রকাশের জন্য প্রস্তুত হইতেছে। কোন কোন পুস্তকের মুদ্রাঙ্কন ইতিমধ্যেই আরব্ধ হইয়াছে।

২৩। নরহরি চক্রবর্ত্তী প্রণীত নবদ্বীপ-পরিক্রমা—শ্রীচৈতন্যের জন্মভূমি ও লীলাস্থানের বিশেষ বিবরণ। এই গ্রন্থে তৎসময়ের বাঙ্গালার অনেক ঐতিহাসিক কথা জানা যাইবে।—সম্পাদক শ্রীনগেন্দ্রনাথ বসু প্রত্নতত্ত্বনিধি।

২৪। বিদ্যাপতির পদাবলী—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্, বিদ্যাপতির পদাবলী ত্রিশবৎসর পূর্ব্বে প্রথমে প্রচার করেন। গত বৎসর দ্বারবঙ্গাধিপ বহুসংখ্যক নূতন পদ সারদা বাবুর নিকট পাঠাইয়া দেন। তৎপরে সম্পাদক নগেন্দ্র বাবু বিদ্যাপতি সম্বন্ধে আরও জ্ঞাতব্য সংগ্রহের জন্য মিথিলায় গিয়া বিস্তর নূতন পদ ও কবিতা সংগ্রহ করিয়া আনিয়াছেন ও কবির জীবনচরিত সম্বন্ধে নানা তথ্য জানিয়া আসিয়াছেন। নগেন্দ্র বাবু অদ্ভুত পরিশ্রম করিয়া বিদ্যাপতির পুরাতন পদগুলির পাঠ সংশোধনে কৃতকার্য্য হইয়াছেন। এই গ্রন্থ মাননীয় বিচারপতি মহোদয়ের ব্যয়ে ও নগেন্দ্র বাবুর সম্পাদকতায় পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হইবে। বিদ্যাপতির এই নূতন সংস্করণের জন্য বঙ্গবাসীর ঔৎসুক্য থাকা উচিত।

২৫। কাশীদাসী মহাভারত—সম্পাদক মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম্ এ, ডি এল্; এফ্, আর, এ এস্, এফ, এফ্ আর এস, ই। তিনি স্বয়ং ইহার প্রকাশের ব্যয়ভার গ্রহণ করিয়াছেন। বলা বাহুল্য, তাঁহার ব্যয়ে ও তাঁহার সম্পাদনে প্রকাশিত এই গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যের গৌরবস্বরূপ হইবে। বিচারপতি আশুতোষ মুখোপাধ্যায় বাঙ্গালা সাহিত্যের আলোচনায় প্রবৃত্ত হইয়া পরিষদের জন্য কাশীদাসী মহাভারতের সম্পাদন ভার স্বীকার করিয়াছেন, বাঙ্গালীর নিকট এই সংবাদ বহন করিয়া পরিষৎ গর্ব্বিত হইতে পারেন।

২৬। কবিকঙ্কণ-চণ্ডী—এই সুপ্রসিদ্ধ গ্রন্থের বিশুদ্ধ পাঠ ও অপ্রচলিত শব্দের অর্থ সহ সম্পূর্ণ নির্ঘণ্ট সহিত নূতন সংস্করণ প্রকাশার্থ দীঘাপতিয়ার রাজবংশধর কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করিয়াছেন এবং বঙ্গসাহিত্যের ইতিহাসলেখক শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন ইহার সম্পাদকতাভার গ্রহণ করিয়াছেন। সম্প্রতি কবিকঙ্কণের বংশধরের নিকট দামুন্যা গ্রামে রক্ষিত ও পূজিত কবির স্বহস্ত লিখিত মূলপুঁথি পাওয়া গিয়াছে, তাঁহার পত্রের ফটোগ্রাফ সহ উৎকৃষ্ট সংস্করণ প্রকাশিত করিয়া পরিষৎ অতুল কীর্ত্তি অর্জ্জন করিবেন।

২৭। ঋগ্বেদান্তর্গত ঐতরেয় ব্রাহ্মণ—এই বেদ-গ্রন্থ বৃহৎ ভূমিকা ও প্রচুর টীকাদি সহিত বাঙ্গালায় অনূদিত হইতেছে। প্রায় সহস্র পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইবে। কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ, এই গ্রন্থ প্রকাশেরও ব্যয়ভার গ্রহণ করিয়াছেন। মুদ্রাঙ্কণ প্রায় সম্পন্ন হইয়াছে। অনুবাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ।

২৮। অশ্বঘোষ প্রণীত বুদ্ধচরিতের বঙ্গানুবাদ—শ্রীযুক্ত [illegible] ঠাকুরের

পুত্র শ্রীমান্ রথীন্দ্রনাথ ঠাকুর এই প্রসিদ্ধ পুস্তকের অনুবাদ করিয়াছেন। আগামী বৎসরে প্রকাশ্য।

২৯। ফরিদপুরের ইতিহাস—শ্রীযুক্ত আনন্দনাথ রায় প্রণীত। ইহাতে দ্বাদশ ভৌমিকের ইতিহাস এবং বাঙ্গালার ইতিহাসের অনেক নূতন তথ্য থাকিবে। আগামী বৎসর প্রকাশিত হইবে।

৩০। শতপথ ব্রাহ্মণ—এই বেদ-গ্রন্থ বাঙ্গালায় অনূদিত হইতেছে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী। দিঘাপতিয়ার বিদ্যোৎসাহী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ, এই গ্রন্থ প্রকাশের ব্যয়ভার গ্রহণ করিয়াছেন। ইহার অনুবাদ আরম্ভ হইয়াছে।

৩১। রামানুজাচার্য্যের শ্রীভাষ্য—শ্রীমদ্ভাগবতের এই পরম শ্রদ্ধাস্পদ ভাষ্য খানি অতি বিপুল গ্রন্থ। লালগোলার বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের ব্যয়ে ইহারও বঙ্গানুবাদ প্রচার হইবে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ।

৮। পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ

আধুনিক সাহিত্য।

বঙ্কিমচন্দ্র ও আধুনিক বঙ্গীয় সাহিত্য ১ম বর্ষ।	পৃষ্ঠা	শ্রীরমেশচন্দ্র দত্ত
৺ভূদেব মুখোপাধ্যায় ১ম।	৯৬	„ রজনীকান্ত গুপ্ত
বাঙ্গালা গদ্যসাহিত্য ২য়।	৩০	„ রজনীকান্ত গুপ্ত
আধুনিক বঙ্গসাহিত্য ও বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ২য়।	৫১	„ বীরেশ্বর পাঁড়ে
সাহিত্য সমালোচনা		„ রজনীকান্ত গুপ্ত
৺অক্ষয়কুমার দত্ত ২য়।	৪৮১	„ রজনীকান্ত গুপ্ত
সংক্ষিপ্ত সমালোচনা ২য়।	১৭১।৩৮০।১০৯	„ রজনীকান্ত গুপ্ত
মাইকেল মধুসূদন দত্ত ৩য়।	৬৫	„ রজনীকান্ত গুপ্ত
মাতৃভক্তি (সমালোচনা) ৩য়।	১৯০	„ গোবিন্দলাল দত্ত
মহারাণী ভিক্টোরিয়ার রাজত্বে বাঙ্গালা সাহিত্য ৪র্থ।	১	„ রজনীকান্ত গুপ্ত
বাঙ্গালার আদি রামায়ন গ্রন্থ ৫ম।	২২৩	„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
বঙ্গীয় সমাচার পত্রিকা—কালানুযায়ী ইতিবৃত্ত ৫ম।	২৪৬	„ মহেন্দ্রনাথ বিদ্যানিধি
৺রজনীকান্ত গুপ্ত ৭ম।	১১৬	„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
৺হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১০ম।	৭১	„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

প্রাচীন সাহিত্য।

কবিকঙ্কণ ও তাঁহার চণ্ডীকাব্য ১২শ। ১১৭	শ্রীঅম্বিকাচরণ গুপ্ত
কবি গঙ্গারাম ও মহারাষ্ট্র পুরাণ ১৩শ। ১৯৩	„ ব্যোমকেশ মুস্তফী
কায়স্থ চাকাদাস, টঙ্কদাস ও ভুবনাকর শর্ম্মা ১৩শ। ২৫৪	„ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ
ধর্ম্মমঙ্গল ১৩শ। ১	„ দীনেশ চন্দ্র সেন
রমাই পণ্ডিত ও ময়নাপুরের যাত্রাসিদ্ধি ১৩শ। ৮১	„ বিনোদ বিহারী কাব্যতীর্থ
সুকবি বল্লভাদি রচিত পদ্মপুরাণ ১৩শ। ২৫	„ দক্ষিণাচরণ মিত্র
সূর্য্যের পাঁচালী ১৩শ। ৬৫	„ জীবেন্দ্রকুমার দত্ত

গ্রাম্য সাহিত্য।

ছেলে ভুলান ছড়া ১ম। ১৮৭	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
ছড়া (সংগ্রহ) ২য়। ৩৬৭	
ঐ—বাকুড়া ও মেদিনীপুর	শ্রীবসন্তরঞ্জন রায়
ঐ—সাঁওতাল পরগণা	————
ঐ—কলিকাতা	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
ছড়া ৩য়। ৫৬	শ্রীকুঞ্জলাল রায়
ছড়া ৩য়। ৬১	শ্রীঅম্বিকাচরণ গুপ্ত
রাধিকামঙ্গল (উদ্ধবানন্দকৃত) ৩য়। ৩১৭	————
গোবিন্দচন্দ্রের গীত ৬ষ্ঠ। ২১৭	শ্রীশিবচন্দ্র শীল
অযোধ্যারামের সত্যনারায়ণ ৮ম। ৫৫	„ ব্যোমকেশ মুস্তফী
রামভদ্রের সত্যদেবসংহিতা ৮ম। ১৪১	„ ব্যোমকেশ মুস্তফী
বিশ্বেশ্বরের সত্যনারায়ণ পাঁচালি ৮ম। ১৯৩	„ ব্রজসুন্দর সান্যাল
বৃন্দাবনদাসের গোলকসংহিতা ৮ম। ৫৫	„ তারকেশ্বর ভট্টাচার্য্য
জ্ঞানদাসের নিকুঞ্জসাজান ৮ম বর্ষ। ৯১ পৃষ্ঠা	„ তারকেশ্বর ভট্টাচার্য্য
মঙ্গলচণ্ডীর পাঁচালি ৮ম। ৫৯	„ তারকেশ্বর ভট্টাচার্য্য
শরৎকালী ১০ম। ১০৩	„ ব্রজসুন্দর সান্যাল
ছেলেভুলান ছড়া (১) (চট্টগ্রাম) ৮ম। ৭৬	„ আবদুল করিম
ঐ (২) ঐ ১০ম। ১১৩	„ আবদুল করিম
কৃত্তিবাস প্রণীত রামরাস ১১শ। ১২৫	„ নগেন্দ্রনাথ বসু
মাণিক দত্তের মঙ্গলচণ্ডী ১১শ। ৩৩	„ রাজনীকান্ত চক্রবর্ত্তী
নিরক্ষর কবি ও গ্রাম্যকবিতা ১১শ। ১২৭	„ মোক্ষদাচরণ ভট্টাচার্য্য
ঐ ১২শ। ৪০	ঐ
ঐ ১২শ। ৮০	ঐ

পুস্তক ও পুঁথির বিবরণ।

ভাষাতত্ত্ব।

বৈজ্ঞানিক পরিভাষা।

ইতিহাস ও ভুগোল।

সংস্কৃত সাহিত্য।

বিবিধ।

সাময়িক প্রসঙ্গ ১ম। ৪৮।১১৪।১৭৭। ২য়। ৭৫।১৮২।৩৮৫।৫১২	"রজনীকান্ত গুপ্ত
জোয়ার ভাটা	"মাধবচন্দ্র চট্টোপাধ্যায়
বিবিধ-প্রসঙ্গ ৪র্থ। ২৩৫	"ব্যোমকেশ মুস্তফী
ইতিহাস-রচনার প্রণালী ৫ম। ১৯	"রজনীকান্ত গুপ্ত
সভাপতির অভিভাষণ ৬ষ্ঠ। ৮১	"দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
গ্রন্থরচনা-সম্বন্ধে প্রস্তাব ৬ষ্ঠ। ২৭৭	"রজনীকান্ত গুপ্ত
দক্ষিণাপথে প্রচলিত পূজা ও ব্রত ৮ম। ১৫	"দীননাথ গঙ্গোপাধ্যায়
ব্রতবিবরণ ৮ম। ১০৭	"রামপ্রাণ গুপ্ত
মহারাণী ভিক্টোরিয়ার মৃত্যু-উপলক্ষে সভাপতির অভিভাষণ ৭ম। ১ (অতিরিক্ত)	শ্রীসত্যেন্দ্রনাথ ঠাকুর
পল্লীকথা ১২শ। ১০৬	শ্রীযতীন্দ্রমোহন বাগচি

৯। পরিষদের অধিবেশনে পঠিত প্রবন্ধের তালিকা

সাঙ্কেতিক শব্দ,—সা. প. প.—সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা। সা.—সাহিত্য। ভা.—ভারতী। ব, ভা—বঙ্গভাষা। নব্যভা.—নব্যভারত। পু.—পূণ্য। প্র—প্রবাসী। ব. দ—বঙ্গদর্শন (নবপর্য্যায়)

প্রাচীন বাঙ্গালা সাহিত্য।

বিজয় পণ্ডিতের মহাভারত	সা, প, প ৩য়। ১১৯	শ্রীনগেন্দ্রনাথ বসু
বিজয় পণ্ডিত ও কবীন্দ্র পরমেশ্বর	সা, প, প,	শ্রীনগেন্দ্রনাথ বসু
মনসার পাঁচালী	সা, প, প ৩য়। ১২৮	শ্রীনিবারণচন্দ্র ভট্টাচার্য্য
অন্ধকবি ভবানীপ্রসাদ	সা, প, প ৩য়। ১৩৭	শ্রীরসিকলাল বসু
উদ্ধবানন্দের রাধিকামঙ্গল	সা, প, প ৩য়। ১৯৭।২১৭	শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি
কৃষ্ণরামের রায়মঙ্গল	„ ৩য়। ১২৬	শ্রীব্যোমকেশ মুস্তফী
পাঁচালীকার ঠাকুরদাস দত্ত	সা, প, প ৫ম। ২৯২	শ্রীব্যোমকেশ মুস্তফী
শীতলামঙ্গল	„ ৫ম। ২৭	ঐ
রাজকবি জয়নারায়ণ	„ ৭ম। ১ম	ঐ
সিন্ধুদ্বিজকৃত কৃষ্ণমঙ্গল		শ্রীহারাধন তত্ত্বনিধি
রঘুনাথের অশ্বমেধ-পঞ্চালিকা	সা, প, প ৫ম। ১৩৮	শ্রীরসিকচন্দ্র বসু
দ্বিজ রামচন্দ্রের দুর্গামঙ্গল	সা, প, প ৫ম। ১ম	শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী
স্ত্রীকবি মাধবী	সা, প, প ৫ম। ১২৯	শ্রীঅচ্যুতচরণ চৌধুরী

রমাই পণ্ডিতের ধর্ম্মমঙ্গল	„ ৪র্থ । ৬০	শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
কৃত্তিবাস	„ ৪র্থ । ১১৭	শ্রীপ্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়
মুকুন্দদেবের জগন্নাথ-বিজয়	„ ৭ম । ২১৫	শ্রীরসিকচন্দ্র বসু
সহদেবের ধর্ম্মমঙ্গল	„ ৪র্থ । ২১৭	শ্রীঅম্বিকাচরণ গুপ্ত
অদ্ভুতাচার্য্যের রামায়ণ		শ্রীরজনীকান্ত চক্রবর্ত্তী
দুর্লভ মল্লিকের গোবিন্দচন্দ্র-গীত	সা, প, প ৬ষ্ঠ ।২৬৭	শ্রীশিবচন্দ্র শীল
কবিরঞ্জন রামপ্রসাদ সেন	„ ৬ষ্ঠ । ২২৭	শ্রীআনন্দনাথ রায়
রঘুনন্দন ও নরহরি ঠাকুর	„ ৬ষ্ঠ । ২৭২	শ্রীআনন্দনাথ রায়
লালা জয়নারায়ণ	„ ৭ম । ১৫২	শ্রীআনন্দনাথ রায়
গোবিন্দদাসের কড়চা		শ্রীদীনেশচন্দ্র সেন
কৃষ্ণদাস কৃষ্ণকিঙ্করের কৃষ্ণবিলাস		শ্রীরাখালদাস কাব্যতীর্থ
সূর্য্য পাঁচালি		শ্রীতারকেশ্বর ভট্টাচার্য্য
কবিবল্লভের রসকদম্ব	সা, প, প, ৯ম । ৭৮	শ্রীতারকেশ্বর ভট্টাচার্য্য
বাল্মীকি ও কৃত্তিবাস .	ভা,	শ্রীদীনেশচন্দ্র সেন
খনা	সা, প, প ১০ম । ১	শ্রীযোগেশচন্দ্র রায়
বিদ্যাপতির প্রকাশিত ও অপ্রকাশিত পদাবলী		
	ব, ভা ২য় । ১১৫।২০৯	শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত
বৈষ্ণবকাব্যে মিথিলার অংশ	ব, ভা, ২য় । ১৪৩	শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত
বিদ্যাপতি-প্রসঙ্গ	„ ২য় । ২৭৭	শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত
গোবিন্দদাস	ব, ভা,	শ্রীনগেন্দ্রনাথ গুপ্ত
মাণিক গাঙ্গুলির ধর্ম্মমঙ্গল	সা, প, প ১৩শ । ১	শ্রীদীনেশচন্দ্র সেন
মহারাষ্ট্রীয় পুরাণ ও কবি গঙ্গারাম	সা, প, প, ১৩শ । ১৯৭	শ্রীব্যোমকেশ মুস্তফী

ভাষাতত্ত্ব ।

হরিনামের শব্দতত্ত্ব	সা, প, প ৪র্থ । ২৩১	শ্রীউমেশচন্দ্র বটব্যাল
উপসর্গ বিচার (১)	„ ৪র্থ । ২৪১	শ্রীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর
ঐ (২)	„ ৫ম । ১১২	শ্রীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর
ভরতকৃত উপসর্গ-বৃত্তির আলোচনা		শ্রীবিহারীলাল সরকার
উপসর্গবিচারের সমালোচনা	সা, প, পু, ৫ম । ২৩২	শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অলঙ্কার শাস্ত্র	„ ৬ষ্ঠ । ১৭০।২৬০	শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী
বাঙ্গালা ব্যাকরণ	„ ৮ম । ১	শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত	„ ৮ম । ১৩২	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

,, ,,	,, ৮ম। ২২৯	শ্রীব্যোমকেশ মুস্তফী
বাঙ্গালার সহিত প্রাকৃতের সাদৃশ্য	সা, প, প ৮ম। ২৫৪	শ্রীকালিদাস নাথ
বাঙ্গালা ভাষা ও ব্যাকরণ,	ভা,	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
ব্যাকরণ ও বাঙ্গালা ভাষা,	ভা,	শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী
বাঙ্গালা ভাষার উচ্চারণ		শ্রীরায় যদুনাথ মজুমদার বাহাদুর
বাঙ্গালা ব্যাকরণের ইতিহাসের একাংশ	ব, ভা, ২য়। ১৭৭	শ্রীঅমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
জীববিদ্যাবিষয়ক পরিভাষা	সা, প, প, ১০ম। ২২	শ্রীযোগেশচন্দ্র রায়
গ্রিম-প্রদর্শিত বর্ণব্যত্যয়বিধি,	ভা,	শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ
ভাষার ইঙ্গিত	ভা,	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
পয়ারছন্দের উৎপত্তি	সা, প, প, ১১শ। ৪৮	শ্রীরমেশচন্দ্র বসু
বাঙ্গালা নাম-রহস্য	সা, প, প ১৩শ। ৯৭	শ্রীব্যোমকেশ মুস্তফী
বাঙ্গালা বর্ণমালা ও বাঙ্গালা ভাষা (অপ্রকাশিত)		শ্রীইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
সার্ব্বজনীন ভাষা ও লিপি	,,	শ্রীনরেশচন্দ্র সেন গুপ্ত
বাঙ্গালা বিভক্তি	বঙ্গদর্শন ১৩১৩	শ্রীশ্রীনাথ সেন
বৈজ্ঞানিক পরিভাষা	সা, প, প, ১৩শ। ২৪৮	শ্রীহেমচন্দ্র দাস গুপ্ত

সংস্কৃত সাহিত্য

ধোয়ী কবির পবন-দূত	সা, প, প, ৫ম। ১৮৭	শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
ভবভূতি	,, ৬ষ্ঠ। ১০৮	শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ
হিন্দু ও বৌদ্ধ তন্ত্রশাস্ত্র		শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
তেবিজ্জ সুত্ত		শ্রীসত্যেন্দ্রনাথ ঠাকুর
পুরাণতত্ত্ব (বিশ্বকোষ, পুরাণ শব্দ)		,, নগেন্দ্রনাথ বসু
কৌষীতকি-ব্রাহ্মণোপনিষৎ	সা, প, প, ৮ম। ৬৫	,, ব্রজলাল মুখোপাধ্যায়
সাংখ্যদর্শন ও গীতা		,, হীরেন্দ্রনাথ দত্ত
ভারতে নাট্যের উৎপত্তি,	ভা,	,, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
দ্রৌপদী-সত্যভামা সংবাদ	ব, ভা	,, নগেন্দ্রনাথ গুপ্ত
জ্যামিতির ইতিহাস ও সংস্কৃত জ্যামিতি		,, পঞ্চানন বন্দ্যোপাধ্যায়

দর্শন ও বিজ্ঞান।

আধ্যাত্মিক বিজ্ঞান		শ্রীক্ষেত্রপাল চক্রবর্ত্তী
মনোবিজ্ঞান (১)		,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী

মনোবিজ্ঞান (২) „ ক্ষেত্রপাল চক্রবর্ত্তী

মনোবিজ্ঞান „ ক্ষেত্রপাল বক্রবর্ত্তী

মেঘ ও বৃষ্টি „ হেমচন্দ্র দেব কবিরাজ

একালের দর্শন (১) „ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

ঐ (২) ঐ

ঐ (৩) ঐ

ক্ষণিকবিজ্ঞানবাদ সা, প, প, ৭ম। ৬৫ „ রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর

শঙ্কর ও শাক্যমুনি সা, প, প, ৭ম। ২৬ (অতিরিক্ত)„ কালীবর বেদান্তবাগীশ

ন্যায়-দর্শনের সংক্ষিপ্ত ইতিবৃত্ত (বিশ্বকোষ ন্যায়দর্শন শব্দ) „ নগেন্দ্রনাথ বসু

অদ্বৈতবাদ „ কৃষ্ণচরণ পাল

বৌদ্ধধর্ম্ম--জ্ঞান, নীতি, পরকাল ও মুক্তি
সা, প, প, ৭ম। ২৬ (অতি) „ সত্যেন্দ্রনাথ ঠাকুর

গীতার দর্শন, ধর্ম্ম ও নীতি „ সত্যেন্দ্রনাথ ঠাকুর

গৌতমমুনি ও ন্যায়দর্শন „ কালীবর বেদান্তবাগীশ

সাংখ্যদর্শন ও গীতা গীতায় ঈশ্বরবাদ গ্রন্থের একাংশ „ হীরেন্দ্রনাথ দত্ত

গৌতমের প্রতিভা ও ত্রেতায় ন্যায়দর্শন
সা, প, প, ১১শ। ৬৫ „ গঙ্গাচরণ বেদান্ত বিদ্যাসাগর

বেদান্তদর্শন (১) অপরা প্রকৃতি সা, ১১শ। ১ „ হীরেন্দ্রনাথ দত্ত

ঐ (২) পরা প্রকৃতি সা, ঐ

গীতা ও বেদান্ত দর্শনমতে ব্রহ্মতত্ত্ব (গীতায় ঈশ্বরবাদগ্রন্থের একাংশ)„ হীরেন্দ্রনাথ দত্ত

সাংখ্যের লোকান্তরবাদ „ তারকচন্দ্র সাংখ্যসাগর

আত্মা ও কর্ম্ম ঐ

পদার্থবাদ ও সূক্ষ্মশরীর ঐ

অদৃষ্ট ও পুরুষকার ঐ

বৃত্তির উৎকর্ষ ও মুক্তি ঐ

মৃত্যু ও পুনর্জ্জীবনের অবস্থা সম্বন্ধে তিব্বতীয় মত শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ

ইতিহাস ও পুরাতত্ত্ব।

ছাতনার ইষ্টকলিপি সা, প, প, ৪র্থ। ৯২ শ্রীনগেন্দ্রনাথ বসু

খোদিত জৈনলিপি সা, প, প, ৪র্থ। ২৯৬ „ হরপ্রসাদ শাস্ত্রী

গৌড়াধিপ মদনপাল ও মহীপাল দেবের তাম্রশাসন
সা, প, প, ৫ম। ১১৪। ১৬৪ „ নগেন্দ্রনাথ বসু

প্রাচীন সংবাদ পত্র	সা, প, প, ৪ম। ২৪৬	„ মহেন্দ্রনাথ বিদ্যানিধি
পল্লীগ্রামের পুরাতত্ত্ব		„ অম্বিকাচরণ গুপ্ত
সেকালের কলিকাতার ইংরাজসমাজ	সা, ১০ম। ৬৯০। ৭৪৫	„ দেবেন্দ্রপ্রসাদ ঘোষ
আদিশূর ও জয়ন্ত		„ ব্যোমকেশ মুস্তফী
বুদ্ধদেবের জীবনী	সা, প, প, ৭ম। ৭৮	„ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
রাঙ্গামাটি ও কর্ণসুবর্ণ	সা, প, প, ৭ম। ২৯	„ নিখিলনাথ রায়
বুদ্ধদেবের মহাপরিনির্ব্বাণ	সা, প, প, ৭ম। ৫৬ (অতি)	„ সতীশচন্দ্র বিদাভূষণ
চরক ও সুশ্রুতের সময়নিরূপণ	সা, প, প, ৮ম। ১৫	„ প্রফুল্লচন্দ্র রায়
নবাবী আমলের বিধি-ব্যবস্থা (১৮শ শতাব্দীর বাঙ্গালার ইতিহাসের একাংশ)		„ কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়
জগন্নাথতীর্থে গুরুনানক ও জগন্নাথের আরতি		„ ঋতেন্দ্রনাথ ঠাকুর
ইশা খাঁ মসনদ-ই-আলি,	নব্যভারত	„ আনন্দনাথ রায়
তমলুকের ইতিহাস	সা, প, প, ৯ম। ৫০	„ শ্রীশচন্দ্র ঘোষ
অজাতশত্রু-সংবাদ		„ দীনেশচন্দ্র সেন
গৌড়ের পালরাজগণ	সা,	„ রাধেশচন্দ্র শেঠ
বঙ্গে নীল	সা,	„ দেবেন্দ্র প্রসাদ ঘোষ
প্রাচীন কলিকাতা	পু ৪র্থ। ৭।৫৭।১৩১।২২৯।৩৩৪	„ ঋতেন্দ্রনাথ ঠাকুর
কবি মাঘের সংক্ষিপ্ত জীবনী	ভা,	„ শরচ্চন্দ্র শাস্ত্রী
ত্রপুষ ও ভল্লিক	সা, প, প. ১০ম। ১৫	„ শিবচন্দ্র শীল
জয়পুরের শিলাদেবীর বাঙ্গালী পুরোহিত বিদ্যাধরের বৃত্তান্ত	সা, প, প, ১১শ। ১০১	„ মেঘনাথ ভট্টাচার্য্য
জয়পুরের জ্যোতিষিক যন্ত্রালয় (অপ্রকাশিত)		ঐ
চরক ও সুশ্রুতের কালনিরূপণ (২)		„ ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়
প্রাচীন কলিকাতার আচার ব্যবহার, নব্যভারত		„ প্রাণকৃষ্ণ দত্ত
ভারতে লিপির উৎপত্তি	সা, প, প, ১১শ। ৪৫	„ অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
বারভূঁইয়া	সা, ১৫শ। ১৫৩।২২৬	„ নিখিলনাথ রায়
বিদ্যাপতি ও চণ্ডীদাসের সময়ের বঙ্গীয় আচার ব্যবহার		„ রমেশচন্দ্র বসু
প্রাচীন মিশরে আর্য্যসভ্যতার প্রভাব		„ পঞ্চানন বন্দ্যোপাধ্যায়
লাশা নগর ও তিব্বতে বৌদ্ধধর্ম্ম-প্রচার		„ রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর
শ্রীচৈতন্যের উৎকল যাত্রা	প্রঃ ৪র্থ। ৫৭১৫৮।২৫৫।২৯৫।৪৮৮	মাননীয় বিচারপতি শ্রীসারদাচরণ মিত্র

ভারতচন্দ্রীয় যুগের রাজনৈতিক অবস্থা		
	সা, ১৫শ। ২৭৩।৩৬৫	„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
বৈশালী	ভা,	„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
কনোজের আয়ুধ রাজবংশ	সা, প, প, ১১শ। ১১৫	„ নগেন্দ্রনাথ বসু
বীরকাহিনী বা ফরিদপুরের ইতিহাসের একাংশ (বারভূঁয়ার ইতিহাসের একাংশ)		„ আনন্দনাথ রায়
প্রাচীন পারসিক ও প্রাচীন হিন্দুর আচার ব্যবহার		„ পঞ্চানন বন্দ্যোপাধ্যায়
বৌদ্ধবারাণসী	সা, প, প, ১২শ	„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
পালি ও সংস্কৃত গ্রন্থে রোমনগরের উল্লেখ		„ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
কুক্কুট পাদগিরি	বাণী ১৩১৩। ৬ষ্ঠ	শ্রীরাখালদাস বন্দ্যোপাধ্যায়
কবিদণ্ডী		শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী
তিব্বতের লামা তাঁহাদের ধর্ম্ম		শ্রীরায় শরচ্চন্দ্র দাস বাহাদুর
মুণ্ডেশ্বরীর খোদিত লিপি	সা, প, প ১৩শ। ৪৫	শ্রীরাখালদাস বন্দ্যোপাধ্যায়
লুচিতরকারী	পুণ্য	শ্রীঋতেন্দ্রনাথ ঠাকুর
প্রতাপাদিত্যের কামানের কারখানা (অপ্রকাশিত)		শ্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায়
চীন-পরিব্রাজকগণের বঙ্গ-বিবরণ	ঐ	শ্রীঅমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
কায়স্থ চাকাদাস, টাঙ্গদাস ও ভুবনাকর শর্ম্মা	সা, প, প, ১৩শ। ২০৭	শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ
ভারতে শকাধিকার কাল ও কণিষ্ক	সা, প, প ১৪শ।	অতিরিক্ত
বঙ্গীয় ইতিহাসের উপকরণ সংগ্রহে বাঢ়ে পনর দিন	('প্রদর্শনীতে পরিষৎ' প্রবন্ধভুক্ত)	শ্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায়
জৈন ন্যায়দর্শন	(অপ্রকাশিত)	শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ
প্রদর্শনীতে পরিষৎ	ঐ	শ্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায়
বঙ্গীয় পুরাবৃত্তের উপকরণ	সা, প, প, ১৪শ। ১	শ্রীনগেন্দ্রনাথ বসু
জৈনধর্ম্মের ইতিহাস	(অপ্রকাশিত)	শ্রীঅমূল্যচরণ ঘোষ
যশোহরের ফৌজদার ও নুরুল্লখাঁ ও মীর্জ্জানগর		শ্রীঅশ্বিনীকুমার সেন
শঙ্করাচার্য্য ও তৎসম্বন্ধে যাবতীয় জ্ঞাতব্য বিবরণ		শ্রীঅমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

বিবিধ।

মহাভারতের গঠন (অপ্রকাশিত)		শ্রীব্যোমকেশ মুস্তফী
বাঙ্গালা জাতীয় সাহিত্য,	ভা,	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
ইতিহাস রচনার প্রণালী	সা, প, প, ৫ম। ১৯	শ্রীরজনীকান্ত গুপ্ত

জীবনচরিত রচনার প্রণালী		শ্রীচণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
সভাপতির অভিভাষণ	সা, প, প, ৬ষ্ঠ। ৮১	শ্রীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর
বর্ত্তমান বাঙ্গালা সাহিত্যের প্রকৃতি		শ্রীচন্দ্রনাথ বসু
কবি বিহারীলাল ও সুরেন্দ্রনাথ	উদ্বোধন ১ম বর্ষ ৪৬২।৫২৯।৫৫৬।৫৮৯।৬১৬	শ্রীকিরণচন্দ্র দত্ত
দাক্ষিণাত্যের পূজা ও ব্রত	সা, প, প, ৮ম। ১৫	শ্রীদীননাথ গঙ্গোপাধ্যায়
মহারাণী ভিক্টোরিয়ার মৃত্যু উপলক্ষে সভাপতির অভিভাষণ	সা, প, প, ৭ম (অতি ১)	শ্রীসত্যেন্দ্রনাথ ঠাকুর
অধ্যাপক মক্ষমূলর	ভা,	শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
প্রাচীন গ্রীস, রোম ও ভারতের সৌন্দর্য্য-কল্পনা	ব, দ ২য়। ৮২	শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ
বাঙ্গালাভাষা ও সাহিত্যে ইংরেজির প্রভাব	সা, ১৪ ২৩২	শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ
গত বর্ষের (১৩০৯) সালের বাঙ্গালা সাহিত্য	সা, ১৪।২৫৭	শ্রীব্যোমকেশ মুস্তফী
" (১৩১০) " "	সা, ১৫শ ২৩	ঐ
বঙ্গভাষার ক্রমোন্নতি		শ্রীদীনেশচন্দ্র সেন
কাবুলীওয়ালা		শ্রীদীনেশচন্দ্র সেন
৺মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর		শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
ছাত্রগণের প্রতি সম্ভাষণ	ব, দ, ৫ম। ১১	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
গতবর্ষের (১৩১১ সালের) বাঙ্গালা সাহিত্য	(অপ্রকাশিত)	শ্রীব্যোমকেশ মুস্তফী
অক্ষয়কুমার দত্তের কথা	ব, দ,	শ্রীসারদাচরণ মিত্র
ব্রাহ্মাচার্য্য প্রতাপচন্দ্র মজুমদার		শ্রীবিপিনচন্দ্র পাল
পল্লীকথা	সা, প, প, ১২শ। ১০৯	শ্রীযতীন্দ্রমোহন বাগচী
দীনবন্ধু মিত্র	ব, দ	শ্রীসারদাচরণ মিত্র
প্রস্তাবিত জাতীয় শিক্ষায় জাতীয় ভাষা ও জাতীয় সাহিত্যের স্থান		শ্রীললিতকুমার বন্দ্যোপাধ্যায়
১৩১২ সালের বাঙ্গালা সাহিত্যের বিবরণ	বাণী ১৩১৩	শ্রীঅমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।
বাঙ্গালার ভূমিকম্প—(অপ্রকাশিত)		শ্রীহেমচন্দ্র দাসগুপ্ত।
সার্ব্বজনীন ভাষা ও লিপি	"	শ্রীনরেশচন্দ্র সেনগুপ্ত।
প্রদর্শনীতে পরিষৎ	"	শ্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায়।
১৩১৩ সালের বাঙ্গালা সাহিত্যের বিবরণ,	বাণী ১৩১৪।	শ্রীঅমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

১০। পরিষদের শাখাসমিতি।

পরিষদের উদ্দেশ্য সাধনার্থ পাঁচটি শাখা-সমিতি ছিল। ১৩০৯ সালের পূর্ব্বে পাঁচটি ছিল না, অনেকগুলি ছিল। ১৩১২ সালের সাহিত্য-পরিষৎ-পঞ্জিকায় সেই সমিতিগুলির ইতিহাস প্রদত্ত হইয়াছে। পুনরুল্লেখ অনাবশ্যক। তখনও গ্রন্থ-প্রকাশ-সমিতি পরিভাষা-সমিতি, গ্রন্থ-রচনা-সমিতি, ঐতিহাসিক সমিতি এবং ভাষা ও ব্যাকরণ-সমিতি এই পাঁচটি প্রধান ছিল। ইহাদের অধীনে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র সমিতি ছিল। গ্রন্থ-প্রকাশ-সমিতির অধীনে কৃত্তিবাসী-রামায়ণ-সমিতি, কাশীদাসী মহাভারত-সমিতি ও কবিকঙ্কণ-সমিতি ছিল। উদ্ভিদ্ বিদ্যার পরিভাষা সমিতি রাসায়ণিক পরিভাষা সমিতি প্রভৃতি সমস্ত পরিভাষা-সমিতির অধীন ছিল।

অবশেষে ১৩০৯ সালে এই সকল শাখা-সমিতির কার্য্য-সম্বন্ধে অনুসন্ধানের পর সমস্ত শাখা-সমিতি পুনর্গঠিত হইয়া পাঁচটি সমিতি হয়।

সেই পুনর্গঠিত সমিতি পাঁচটি এই—

(১) গ্রন্থপ্রকাশ-সমিতি, (২) পরিভাষা-সমিতি, (৩) ভাষাবিজ্ঞান-সমিতি, (৪) শব্দসমিতি ও (৫) গ্রন্থরচনা-সমিতি। ১৩১৩ সালের আরম্ভে ঐ পুনর্গঠিত সমিতিগুলির কার্য্য অগ্রসর হইতেছে না দেখিয়া উহাদিগকে পুনঃসংস্কৃত করিয়া দুইটি সমিতিতে পরিণত করা হইয়াছে— (১) গ্রন্থপ্রকাশসমিতি ও (২) শব্দ-সমিতি। পূর্ব্বতন পাচটি সমিতির সভ্যগণের মধ্য হইতে নির্ব্বাচন করিয়া এই দুই সমিতি গঠিত হইবে এইরূপ স্থির ছিল।

অতঃপর কার্য্য নির্ব্বাহক সমিতির নিয়োগ-অনুসারে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, মহাশয়ের প্রস্তাবে উক্ত দুই সমিতির সভ্যসংখ্যা নিম্নলিখিত ভাবে পরিশোধিত ও নির্দ্দিষ্ট হইয়াছে,—

(১) পরিভাষা-সমিতির সভ্যগণ,—

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র
শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়
" রবীন্দ্রনাথ ঠাকুর
" রায় যতীন্দ্রনাথ চৌধুরী
" রাজেন্দ্রসুন্দর ত্রিবেদী
" ব্যোমকেশ মুস্তফী
" বাণীনাথ নন্দী
" রসিকমোহন চক্রবর্ত্তী
" হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন
" মন্মথমোহন বসু

শ্রীযুক্ত শরৎকুমার রায়
" সুরেশচন্দ্র সমাজপতি
" ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ
" অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
" সতীশচন্দ্র বিদ্যাভূষণ
" শরচ্চন্দ্র চক্রবর্ত্তী
" নগেন্দ্রনাথ বসু প্রত্নতত্ত্বনিধি (সম্পাদক)

(২) শব্দ-সমিতির সভ্যগণ,—

শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
" চন্দ্রনাথ বসু
" ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
" হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
" যতীন্দ্রনাথ চৌধুরী
" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
" ব্যোমকেশ মুস্তফী
" মন্মথমোহন বসু
" হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন
" অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
" সতীশচন্দ্র বিদ্যাভূষণ
" শরচ্চন্দ্র শাস্ত্রী
" নগেন্দ্রনাথ বসু প্রত্নতত্ত্বনিধি
" খগেন্দ্রনাথ মিত্র
" হেমচন্দ্র দাস গুপ্ত (সম্পাদক)

এই সঙ্গে উক্ত দুই সমিতির কার্য্য-পরিচালন-সম্বন্ধে নিম্নোক্ত নিয়ম কয়টিও গৃহীত হইয়াছে।

১। উভয় সমিতি আপন আপন সভাপতি নির্ব্বাচন করিয়া লইবেন।

২। " " আপন কার্য্যপ্রণালী নিরূপণ করিয়া লইবেন।

৩। শব্দসমিতি আবশ্যকমত সভ্যসংখ্যা বৃদ্ধি করিয়া লইবেন বা সভ্যেতর অভিজ্ঞ ব্যক্তি-দিগের সাহায্য গ্রহণ করিবেন।

৪। উভয় সমিতির সম্পাদক উভয় সমিতির অধিবেশনাদির ব্যবস্থা করিবেন এবং কার্য্য-বিবরণ লিপিবদ্ধ করিয়া বার্ষিক অধিবেশনে উপস্থিত করিবেন।

১১। গৃহনির্ম্মাণ-সমিতি ও গৃহনির্ম্মাণার্থ দান।

১৩০৭ সালে কাশিমবাজারের মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের গৃহনির্ম্মাণার্থ সাত কাঠা ভূমি দান করিলে পর নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইয়া গৃহ-নির্ম্মাণ সমিতি গঠিত হয়,—

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্ এ, বি এল্, (সভাপতি)
" " " আশুতোষ মুখোপাধ্যায়, এম্ এ, ডি এল্।
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।
" রায় যতীন্দ্র নাথ চৌধুরী, এম্ এ, বি এল্, (সহকারী সভাপতি)
মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুর (নাটোর)
" " সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর (ময়মনসিংহ)
" " মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর (কাশিমবাজার)
কুমার " শরৎকুমার রায় এম্ এ, (দীঘাপতিয়া)
" প্রমথনাথ রায় চৌধুরী (সন্তোষ)
" হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল (ঐ)
" যদুনাথ বরাট।
" সত্যেন্দ্রনাথ ঠাকুর।
" রায় প্রাণশঙ্কর চৌধুরী (তেওতা)
" মতিলাল ঘোষ।
" রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
" কুমার অরুণ চন্দ্র সিংহ (পাইকপাড়া)
" যদুনাথ বরাট।
" অমৃতকৃষ্ণ মল্লিক, বি, এল।
" সুরেশচন্দ্র সমাজপতি।
" মৃণালকান্তি ঘোষ।
" নগেন্দ্রনাথ গুপ্ত।
" বিহারীলাল সরকার।
" জলধর সেন।
শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, (সম্পাদক)
" মন্মথমোহন বসু বি, এ, }
" হেমচন্দ্র দাস গুপ্ত এম্, এ, } সহকারী সম্পাদক।
" ব্যোমকেশ মুস্তফী। }

নিম্নলিখিত ব্যক্তিগণ গৃহনির্ম্মাণকল্পে নিম্নমত অর্থ-সাহায্য দান করিয়াছেন।

৺কালীকৃষ্ণ ঠাকুর*		২০০০৲
শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায় ও ভ্রাতৃগণ, দীঘাপতিয়া		২০০০৲
„ রাজা শ্রীনাথ রায় ও জ্ঞাতিবর্গ, ভাগ্যকুল		২০০০৲
„ সার্ মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর বাহাদুর, কে, সি, এস, আই*		১০০০৲
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্, এ, বি এল্, টাকী		১০০০৲
শ্রীযুক্ত মহারাজ রামচন্দ্র ভঞ্জ দেব, ময়ূরভঞ্জ*		৫০০৲
„ মহারাজ সূর্য্যকান্ত আচার্য্য, ময়মনসিংহ		৫০০৲
„ গগনেন্দ্রনাথ ঠাকুর, কলিকাতা*		৫০০৲
„ প্রমথনাথ রায় চৌধুরী, সন্তোষ		৫০০৲
„ হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল, কলিকাতা		৫০০৲
৺রমানাথ ঘোষ, কলিকাতা		৫০০৲
শ্রীযুক্ত রাজা রণজিৎ সিংহ বাহাদুর, নশীপুর	প্রথম দান*	৩০০৲
	দ্বিতীয় দান	২০০৲
„ দুবলহাটীর কুমারগণ, রাজশাহী		৩০০৲
„ কুমার শরদিন্দু রায়, বলিহার		৩০০৲
„ রায় কেদারপ্রসন্ন লাহিড়ী বাহাদুর, কাশিমপুর		৩০০৲
„ মন্মথনাথ রায় চৌধুরী, সন্তোষ		৩০০৲
„ ললিতমোহন মৈত্র, রাজশাহী*		৩০০৲
৺কুমার রাধাপ্রসাদ রায়, কলিকাতা		২৪০৲
শ্রীযুক্ত রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর, গৌরীপুর*		২০৪৲
৺দক্ষিণেশ্বর মালিয়া, সিয়ারশোল	প্রথম দান	২০০৲
„ কুমার রমণীকান্ত রায়, বি এ, চৌগাঁ		২০০৲
„ রাজা নরেন্দ্রলাল খাঁ, নাড়াজোল*	প্রথম দান	২০০৲
„ কুঞ্জমোহন মৈত্র, তালন্দা*		১৫০৲
মহারাজাধিরাজ শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাপ বাহাদুর বর্দ্ধমান*		১০০৲
৺রাজা আশুতোষ নাথ রায়, কাশীমবাজার*		১০০৲
৺ লক্ষ্মীনারায়ণ দত্ত, কলিকাতা*		১০০৲
„ নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী, ময়মনসিংহ		১০০৲
„ প্রমথনাথ মল্লিক, কলিকাতা		১০০৲

৺ মাণিকলাল শীল, কলিকাতা * ৫০৲

„ ভূপেন্দ্রনাথ দত্ত, মজিলপুর ৫০৲

গ্রন্থপ্রকাশ তহবিল মধ্যে * চিহ্নিত দানের টাকা ১৩১৩ সালের শেষ পর্য্যন্ত আদায় হইয়াছে। এই দানের তালিকায় পরিষদের বিবিধ কার্য্যের জন্য গঠিত ক্ষুদ্র তহবিলগুলিতে প্রাপ্ত দান ধরা হয় নাই।

গৃহনির্ম্মাণ-তহবিল-রক্ষক

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্।

ন্যাসরক্ষক

মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দীকর্ত্তৃক প্রদত্ত ভূমিদানপত্রে নির্দ্দিষ্ট ১৩০৭ সালে নিযুক্ত ভূমি-সম্পত্তির ট্রষ্টি বা ন্যাসরক্ষকগণ—

শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায়, এম্ এ, (দীঘাপতিয়া)

„ রায় প্রমথনাথ চৌধুরী, (সন্তোষ)

„ „ যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল, (টাকী)

„ রবীন্দ্রনাথ ঠাকুর, (কলিকাতা)

„ হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি এল্, (কলিকাতা)

দলিল-রক্ষক

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্।

১২। প্রাদেশিক শাখাসভা।

কুণ্ডী-সন্তঃপুষ্করিণী হইতে শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় ১৩১২ বঙ্গাব্দের ১৬ই ফাল্গুন তারিখে প্রস্তাব করিয়া পাঠান যে, "বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রসারবৃদ্ধি এবং বঙ্গের ঐতিহাসিক উপকরণ ও প্রাচীন কাব্যাদি সংগ্রহের জন্য প্রতি জেলায় উহার একটী করিয়া শাখা-সভা স্থাপিত হউক।" ঠিক এই সময়েই পরিষদের অন্যতম নেতা এবং পরম হিতৈষী শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ও উহার কর্ম্মক্ষেত্রের পরিধি-বিস্তারের জন্য এক নূতন প্রস্তাব উপস্থিত করেন এবং শ্রীব্যোমকেশ মুস্তফী মহাশয় মফস্বলের সাহিত্য-সমিতিগুলির সহিত পরিষদের একটা সংযোগ ও একক্রিয়তা স্থাপনের জন্য পত্রব্যবহার করিতেছিলেন। মূল সভার একাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণীতে সে প্রস্তাবের মর্ম্ম উদ্ধৃত হইয়াছে। এই উভয় প্রস্তাব-সম্বন্ধে আলোচনার জন্য ১৩১১ বঙ্গাব্দের ৬ই চৈত্র তারিখে পরিষদের একটী বিশেষ

অধিবেশন আহূত হয়। উপস্থিত প্রস্তাব দুইটী অত্যাবশ্যকীয় এবং প্রথমোক্ত প্রস্তাবটী, শেষোক্ত প্রস্তাব কার্য্যে পরিণত করিবার পক্ষে বিশেষ সহায়তা করিবে বিবেচনায়, পরিষদ্ বহু আলোচনার পর এই উভয় প্রস্তাবই গ্রহণ করেন। আপাততঃ পরীক্ষার জন্য রঙ্গপুরেই পরিষদের প্রথম শাখা স্থাপিত হউক, ইহা নির্ণীত হয়। প্রস্তাবক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয়কে তাহার সম্পাদক নিযুক্ত করিয়া, রঙ্গপুরে শাখা-সভা গঠনজন্য পরিষৎ অনুরোধ করেন। শাখা-সভা পরিচালনের জন্য নিয়মাদির পাণ্ডুলিপি প্রস্তুত করিবার ভার পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ মহাশয়ের উপর অর্পিত হয়। শাখা-পরিষদের উদ্দেশ্যাদির বিষয় নিয়মাবলীর প্রথমেই লিখিত হইল।

(ক) রঙ্গপুর শাখার বিবরণ।

রঙ্গপুরে পরিষদের শাখা-সভা গঠন-সম্বন্ধে আলোচনার জন্য প্রথম মন্ত্রণাসভা ১৩১১ বঙ্গাব্দের ১২ই চৈত্র তারিখে শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় কর্তৃক রঙ্গপুর "পাব্লিক লাইব্রেরী" গৃহে আহূত হইয়াছিল। উহাতে শ্রীযুক্ত রজনীকান্ত ভট্টাচার্য্য উকীল মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। এই সভা স্থির করেন যে, রঙ্গপুরবাসীরা পরিষদের একটী শাখা স্থাপন করিতে ইচ্ছুক আছেন, শাখা-সম্বন্ধীয় নিয়মাদির পাণ্ডুলিপি প্রস্তুত হইয়া আসিলে, উহা কার্য্যে পরিণত করা যাইবে।

যথাসময়ে উক্ত পাণ্ডুলিপি প্রস্তুত হইয়া আসিলে, বিগত ১৩১২ বঙ্গাব্দের ১১ই বৈশাখ সোমবার রঙ্গপুর টাউন-হলে শাখা-সভাস্থাপনার্থ একটী সাধারণ সভা পুনরাহূত হয়। সম্পাদক মহাশয় কর্তৃক উহাতে শাখা-সভা সম্বন্ধীয় নিয়মাবলীর পাণ্ডুলিপি পঠিত এবং তাহা সর্ব্ব-সম্মতিতে গৃহীত হইলে, সভাপতি শ্রীযুক্ত আশুতোষ লাহিড়ী বি, সি, ই, রঙ্গপুরের সুযোগ্য ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার মহাশয় অষ্টাবিংশতি জন সভ্য লইয়া, রঙ্গপুরে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রথম শাখা-সভা গঠন করেন। এই অষ্টাবিংশতি জন সভ্যের মধ্যে একাদশ জন সভ্য লইয়া, একটী কার্য্য-নির্ব্বাহক সমিতিও গঠিত হয়। আবশ্যক হইলে, এই সংখ্যার হ্রাস বৃদ্ধি করা চলিবে, ইহাও স্থির হয়। সাধারণ সভা কার্য্যনির্ব্বাহক সমিতির উপরই শাখাসভার সভাপতি-আদি যাবতীয় কর্ম্মচারী নিয়োগ, কার্য্যাদি পরিচালন এবং বিস্তৃত নিয়মাবলী প্রস্তুতের ভার প্রদান করেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ইতিহাসে এইরূপ একটী নূতন পরিচ্ছেদের সূচনা করিয়া, রঙ্গপুর-বাসিগণ মূল সভা হইতে আন্তরিক কৃতজ্ঞতা-সহ ধন্যবাদ অর্জ্জন করিয়াছেন।

(খ) ভাগলপুর-শাখার বিবরণ।

ভাগলপুরে কয়েকজন উৎসাহী যুবককর্তৃক প্রতিষ্ঠিত "ভাগলপুর-সাহিত্য-সভা" নামক একটী সমিতি কয়েক বৎসর হইতে বর্ত্তমান ছিল এবং তাহাদ্বারা সাহিত্য-চর্চ্চার কার্য্যও ধীরে

ধীরে হইতেছিল। এই সভা হইতে "ছায়া" নামক একখানি হস্তলিখিত মাসিক-পত্রিকা কিছু দিন নিয়মিতরূপে প্রচারিত হইয়াছিল। এই সভার সভ্যেরা একটী বাঙ্গালা লাইব্রেরীর অভাব বরাবর অনুভব করিয়া আসিতেছিলেন এবং কয়েকবার পুস্তকাগার স্থাপনের চেষ্টাও করিয়াছিলেন, কিন্তু তাহা সফল হয় নাই। অবশেষে তাঁহারা ১৩১২ সনের ১লা বৈশাখ "একটী পুস্তকাগার স্থাপন করিতেই হইবে" এইরূপ স্থির করিয়া পরামর্শের জন্য শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় মহাশয়ের নিকট যান। তিনিই তাঁহাদিগকে "সাহিত্য-সভার" কার্য্যক্ষেত্র বিস্তৃত করিয়া উহাকে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা করিয়া লইতে পরামর্শ দেন। তাঁহার উপদেশ মত উহার সভ্যগণ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, মহাশয়কে সকল কথা লেখেন এবং যাহাতে ভাগলপুর-সাহিত্য-সভাকে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা করিয়া লওয়া হয়, তজ্জন্য আবেদন করেন। সম্পাদক মহাশয় সভ্যগণকে উৎসাহিত করিয়া উত্তরে তাঁহার সাগ্রহ-সম্মতি জানান। অতঃপর "ভাগলপুর সাহিত্য-সভা" বঙ্গীয় সাহিত্য-পরিষদের শাখারূপে গণ্য হইয়া "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ--ভাগলপুর-শাখা" নাম গ্রহণ করিয়া বিস্তৃততর কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াছে।

(গ) রাজশাহী-শাখার বিবরণ।

১৩১১ সালের ২৬ মাঘ তারিখে রাজসাহী 'সাহিত্য-সভা' নাম দিয়া রাজশাহীনিবাসী শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় এম্ এ, বি এল্, শ্রীযুক্ত ব্রজসুন্দর সান্যাল ও ৺ প্রসন্নকুমার ভট্টাচার্য্য এম্ এ, বি এল্, প্রভৃতি পাঁচ ছয়জন সাহিত্যিক মিলিত হইয়া একটি সভা স্থাপন করেন। সকল প্রকার সাহিত্যের আলোচনা করাই এই সভার উদ্দেশ্য ছিল। তৎপরে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের প্রস্তাবে ১৩১৩ সালের শেষভাগে এই সভাকে পরিষদের শাখারূপে প্রতিষ্ঠিত করিবার বিষয় আলোচিত হয়। অবশেষে ১৩১৩ সালের চৈত্র মাস হইতে এই সভা 'বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—রাজশাহী শাখা' নাম গ্রহণ করিয়াছেন। অন্যান্য শাখা-সভার ন্যায় ইহাতে চাঁদা দিবার কোন ব্যবস্থা এখন নাই, সুতরাং ইহার আয়-ব্যয়ের জন্য কোন তহবিল নাই। অধিবেশনও প্রতিমাসে নির্দ্দিষ্ট ভাবে হয় না। এই সভার প্রতি স্থানীয় পণ্ডিত-মণ্ডলীর বিশেষ সহানুভূতি আছে। ইহার অন্যান্য বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য। *

* অতঃপর ১৩১৪ সালের বৈশাখ হইতে ময়মনসিংহেও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা সভা প্রতিষ্ঠিত হইয়াছে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

ত্রয়োদশ-সাংবৎসরিক কার্য্য-বিবরণ।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ত্রয়োদশবর্ষ অতিক্রম করিয়া ১৩১৪ বঙ্গাব্দের বৈশাখ মাসে চতুর্দ্দশবর্ষে উপনীত হইয়াছেন। ১৩১৩ বঙ্গাব্দে পরিষদের উদ্দেশ্য ও কর্ত্তব্য যে ভাবে যতটুকু সাধিত হইয়াছে, তাহা এই কার্য্যবিবরণে সবিশেষ বিবৃত হইয়াছে। বর্ত্তমান ১৩১৪ বঙ্গাব্দে যাহাতে পরিষৎ অধিকতর কার্য্য করিতে পারেন, হিতৈষিবর্গ তদ্বিষয়ে সৎপরামর্শাদি প্রদান করেন, কার্য্যনির্ব্বাহক সমিতির ইহাই একান্ত প্রার্থনা।

পরিষদের উন্নতি আলোচ্যবর্ষেও সর্ব্বপ্রকারেই হইয়াছে বলা যায়। ত্রয়োদশবর্ষেও পরিষদের সভ্যসংখ্যা বর্দ্ধিত হইয়াছে, আয় বৃদ্ধি হইয়াছে এবং কার্য্যক্ষেত্রেরও প্রসার বৃদ্ধি হইয়াছে, সুতরাং পরিষদের সর্ব্বাঙ্গীণ উন্নতিই হইয়াছে বলিতে হইবে।

(ক) সভ্য-সংখ্যা—আলোচ্যবর্ষের আরম্ভে পরিষদের সদস্য সংখ্যা ৭৬৪ ছিল, তন্মধ্যে—

আজীবন	সভ্য	...	১ জন
বিশিষ্ট	ঐ	...	১০ জন
বিশেষ	ঐ	...	৫ জন
কলিকাতাবাসী	ঐ	...	২৭০ জন
মফস্বলবাসী	ঐ	...	৩৫৭ জন
কলিকাতা ও মফস্বলের সভ্যগণের মধ্যে যাঁহাদের কাছে বহুকাল হইতে চাঁদা পাওয়া যায় না এরূপ সভ্য			১২১
		মোট	৭৬৪ জন

এতদ্ব্যতীত আলোচ্যবর্ষের প্রারম্ভে ছাত্র-সভ্যের সংখ্যা ৪৫ ছিল। আলোচ্যবর্ষে ইহার মধ্যে আজীবন সভ্য, বিশিষ্ট সভ্য ও বিশেষ সভ্য সংখ্যায় কোন পরিবর্ত্তন হয় নাই। আলোচ্য বর্ষে মৃত সভ্যের সংখ্যা ৯, পদত্যাগ সংখ্যা ৪৭। যাঁহাদের নিকট চাঁদা উসুলের কোন সম্ভাবনা নাই, এরূপ ৬৭ জনের নামও আলোচ্য বর্ষে কাটিয়া দেওয়া হইয়াছে, কলিকাতাবাসী সদস্যগণের মধ্যে আলোচ্যবর্ষে ৭ জনের মৃত্যু হইয়াছে, ২৮ জন পদত্যাগ করিয়াছেন এবং ৯ জনের নিকট চাঁদা উসুল না হওয়ায় নাম কাটা গিয়াছে। ঐরূপ মফস্বলবাসী সদস্যগণের মধ্যে ২ জনের মৃত্যু হইয়াছে, ১৯ পদত্যাগ করিয়াছেন ও ৫৮ জনের পূর্ব্বোক্তকারণে নাম কাটা

গিয়াছে। আলোচ্য বর্ষে ১৪২ জন সদস্য-পদ নূতন গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে ৬৮ জন কলিকাতাবাসী ও ৭৪ জন মফস্বলবাসী, অতএব আলোচ্যবর্ষের শেষে সদস্যের সংখ্যা মোট ৭৮৩ হইয়াছে ; তন্মধ্যে—

আজীবন	সভ্য	...	১ জন
বিশিষ্ট	"	...	১০ "
বিশেষ	"		৫ "
কলিকাতাবাসী	"	..	৩৮৯ "
মফস্বলবাসী	"	..	৩০৯ "
এতদতিরিক্ত কলিকাতা ও মফস্বলের সদস্যগণের মধ্যে যাঁহারা বহুকাল হইতে চাঁদা দেন না অথচ যাঁহাদের নাম আলোচ্যবর্ষে কাটিয়া দেওয়া হইল না।			৬৯ "
		মোট	৭৮৩

এতদ্ব্যতীত ছাত্র সভ্য ৪১ জন।

(খ) আয় বৃদ্ধি—আলোচ্যবর্ষে শতাধিক নূতন সদস্য পদ-গ্রহণ করায় পরিষদে স্থায়ী আয় বর্দ্ধিত হইয়াছে। তদ্ব্যতীত আলোচ্যবর্ষে গৃহনির্ম্মাণ তহবিলেও কতকটাকা উস্থ হইয়াছে।

(গ) প্রসার বৃদ্ধি—আলোচ্যবর্ষে রাজশাহী জেলায় পরিষদের একটি শাখা স্থাপি হইয়াছে, তদ্ব্যতীত আলোচ্য বৎসরে কলিকাতায় ভারতীয় শিল্পকৃষি প্রদর্শনীর মধ্যে পরিষৎ ে সাহিত্যিক প্রদর্শনী বসাইয়াছিলেন, তাহার ফলেও বাঙ্গালার প্রত্যেক জেলায় এবং বাঙ্গালা বাহিরে ভারতের দূরতম প্রদেশেও পরিষদের কার্য্য এবং উদ্দেশ্য বিশেষরূপে প্রচারিত হইয়াছে।

(ঘ) পরিষদে ভিন্ন দেশীয় সদস্য—আলোচ্যবর্ষের আরম্ভে পরিষদে দুই জ ইংরাজ বিশিষ্ট সভ্য, একজন ইংরাজ সাধারণ সভ্য, তিন জন উড়িষ্যা দেশীয় ও দুই জন হি স্থানী সাধারণ সভ্য ছিলেন। আলোচ্যবর্ষে এক জন মান্দ্রাজী পণ্ডিত সদস্য শ্রেণীভু হইয়াছেন। তিনি বাঙ্গালা জানেন না, বাঙ্গালা বুঝেন না, প্রদর্শনীক্ষেত্রে পরিষদের প্রদর্শ দেখিয়া পরিষদের সদুদ্দেশ্যে ও কার্য্যে পরিতৃপ্ত হইয়া সদস্য হইয়াছেন। ইনি বি,এ, উপাধিধা আয়ুর্ব্বেদ-ব্যবসায়ী, নাম ডাক্তর ডি, গোপালাচালু। এতদ্ভিন্ন বিশুদ্ধানন্দ সরস্বতী বিদ্যালয়ে সম্পাদক এবং এক-লিপি-বিস্তার-পরিষদের সহকারী সম্পাদক পণ্ডিত শ্রীউমাপতি দত্তজী পাঁ বি, এ মহাশয়ও এ বৎসর পরিষদের সদস্যপদ গ্রহণ করিয়াছেন, সুতরাং এই সকল দৃষ্টা হইতে, পরিষদের প্রসার-বৃদ্ধি-সম্বন্ধে আলোচ্যবর্ষে অনেক উন্নতি হইয়াছে বলিতে হইবে।

মৃত সদস্য ও সাহিত্যিকগণ—আলোচ্যবর্ষের মধ্যে পরিষদের নিম্নলিখিত ৯ জ সদস্যের মৃত্যু হইয়াছে,—

(১) ৺কিশোরীমোহন সেন গুপ্ত এম্, এ।
(২) ৺লালগোপাল মুখোপাধ্যায়।
(৩) ৺বিপিনবিহারী "
(৪) ৺কালীচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্।
(৫) ৺রাজেন্দ্রনাথ ঘোষ।
(৬) ৺মোহিতচন্দ্র সেন এম্, এ।
(৭) এ, কে, এম্, মহতসম্ বিল্লা চৌধুরী।
(৮) ৺রমেশচন্দ্র বসু
(৯) ৺মহেন্দ্রকুমার মজুমদার এল্, এম্, এস্।

ইঁহাদের মধ্যে ৺কালীচরণ বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্ মহাশয় সকলেরই সুপরিচিত ছিলেন। ইওরোপীয় দর্শনশাস্ত্রে তাঁহার বিশেষ ব্যুৎপত্তি ছিল। তাঁহার স্বদেশ-বাৎসল্য ও বাগ্মিতা দেশমধ্যে প্রসিদ্ধ ছিল। জাতীয় পরিচ্ছদের প্রতি তাঁহার বিশেষ অনুরাগ ছিল। তিনি খৃষ্টীয় ধর্ম্মপ্রচারক ছিলেন, মিশনরীদিগের সহিত সর্ব্বদা তাঁহাকে মেলা-মেশা করিতে হইত; কিন্তু কখন ইংরাজী পোষাক ব্যবহার করেন নাই। রাজনীতিচর্চ্চায়, শিক্ষাকার্য্যে ও অন্যান্য হিতকরকার্য্যে তিনি অন্যতম অগ্রণী ও নেতা ছিলেন। শেষ দশায় তিনি বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার হইয়া সকলেরই শ্রদ্ধা লাভ করিয়া গিয়াছেন। বহুদিন তিনি অধ্যাপকতাও করিয়াছিলেন। তাঁহার ছাত্রমণ্ডলী তাঁহার প্রতি বিশেষ ভক্তিমান্ আছেন। তিনি বহুকাল হাইকোর্টের উকীল ছিলেন, ওকালতীতেও তাঁহার সুযশ ছিল। পরিষদের প্রতিও তাঁহার অনুরাগ ও শ্রদ্ধা ছিল। তাঁহার মৃত্যুতে বাঙ্গালী-সমাজের ক্ষতি হইয়াছে আর পরিষৎ একজন গণ্যমান্য হিতৈষী সদস্য হারাইয়াছেন।

৺ মোহিতচন্দ্র সেন এম্ এ মহাশয় এক প্রসিদ্ধ অধ্যাপক, সাহিত্যিক, অমায়িক, বিনয়ী ও পরিষদের হিতৈষী সদস্য ছিলেন। তাঁহার লিখিত ইংরাজী দর্শন-শাস্ত্রের পুস্তক বি এ, পরীক্ষার পাঠ্য পুস্তক হইয়াছে। দেবতুল্য চরিত্রবলে তিনি ৩৭ বৎসর বয়সেই অধ্যাপক রূপে ছাত্রগণের অশেষ শ্রদ্ধাভক্তি অর্জ্জন করিয়া গিয়াছেন। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য গ্রন্থাবলীর সম্পাদন-কালে তিনি যে ভূমিকা লিখিয়াছেন, তাহাতেই বাঙ্গালা সাহিত্যে তাঁহার উচ্চাসন হইয়াছে।

ইঁহার অকাল মৃত্যুতে ছাত্র-সমাজ একজন সুশিক্ষিত, সুবিজ্ঞ, ছাত্র-বৎসল অধ্যাপক হারাইয়াছেন। পরিষৎ ইঁহার ন্যায় সদস্য হারাইয়া বিশেষ দুঃখিত হইয়াছেন।

৺ রমেশচন্দ্র বসু পরিষদের একজন বিশেষ হিতৈষী সদস্য ছিলেন। তিনি বহু মাসিক পত্রিকায় প্রবন্ধ লিখিতেন। তাঁহার প্রবন্ধগুলি ভালই হইত। তিনি পরিষদের উপকারার্থ অনেক কার্য্য করিয়া দিতেন। সাহিত্য-পরিষৎ-পত্রিকার জ্ঞাতব্য বিষয়গুলির অধিকাংশই তিনি সংগ্রহ করিয়াছিলেন। তাঁহার অকাল মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতিবোধ করিতেছেন।

এতদ্ব্যতীত এ বৎসরে পরিষদের ভূতপূর্ব্ব সদস্য এবং দেশের গণ্যমান্য কয়েক ব্যক্তির মৃত্যু হইয়াছে। তাঁহাদের মৃত্যুতেও পরিষৎ শোক-সন্তপ্ত হইয়া মাসিক অধিবেশনে তাঁহাদের জন্য শোক প্রকাশ করিয়াছিলেন। ইঁহাদের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম উল্লেখযোগ্য।

(১) ৺ আনন্দমোহন বসু।
(২) ৺ চণ্ডীচরণ সেন।
(৩) ৺ নগেন্দ্রবালা সরস্বতী।
(৪) ৺ নৃত্যগোপাল কবিরত্ন।
(৫) ৺ যোগীন্দ্রনাথ সেন এম এ, বি এল্।
(৬) ৺ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ব্যারিষ্টার)
(৭) ৺ কৃষ্ণচন্দ্র মজুমদার।

(১) ৺ আনন্দমোহন বসু মহাশয়ের বিদ্যাবুদ্ধিদ্বারা দেশে যে কত সৎকার্য্যের অনুষ্ঠান হইয়াছে এবং কত সদনুষ্ঠান তাঁহার বিদ্যাবুদ্ধি-বলে পরিপুষ্ট হইয়াছে, তাহা সম্পূর্ণ উল্লেখ করিবার স্থান এই বিবরণীতে কুলাইবে না। তিনি দেশ-হিতৈষী ছিলেন, দেশের জন্য তিনি নিজে প্রচুর অর্থব্যয় করিতেন। তিনি অমায়িক, সদালাপ এবং পরোপকারী ছিলেন। বিশ্ব-বিদ্যালয়ে বাঙ্গালা সাহিত্যের অনুশীলন প্রচলনের জন্য তিনি বহুবার বহু চেষ্টা করিয়াছিলেন, ও তাহাতে অংশতঃ ফললাভও হইয়াছিল। সাহিত্য-পরিষৎ যখন এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের নিকট আবেদন করেন, তখন তিনি Faculty of Arts এ স্বাভাবিক বাগ্মিতাসহকারে পরিষদের প্রস্তাব সমর্থন করেন। তিনি পূর্ব্বে পরিষদের সদস্য ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত হইয়াছেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ নিম্নলিখিত প্রস্তাবে তাঁহার পরিবার-বর্গকে সমবেদনা জ্ঞাপন করেন,—"বঙ্গের অত্যুজ্জ্বল রত্ন,বঙ্গদেশের ও বঙ্গ-ভাষার অকৃত্রিম বন্ধু, স্বজাতি-বৎসল আনন্দমোহন বসু মহাশয়ের পরলোক-গমনে আজ সমস্ত বঙ্গ-সমাজ গভীর শোক-সাগরে মগ্ন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এই জন্য সেই মৃত মহাত্মার শোক-সন্তপ্ত পরিবারবর্গের নিকট সমবেদনা জানাইতেছেন।"

৺ চণ্ডীচরণ সেন একজন প্রবীণ সবজজ ছিলেন। তিনি কয়েকখানি ঐতিহাসিক উপন্যাস লিখিয়া বাঙ্গালা-সাহিত্য-জগতে সুপরিচিত হইয়াছেন এবং সুযশ অর্জ্জন করিয়াছেন। বিদেশীয় উপন্যাস অনুবাদেও তাঁহার বেশ কৃতিত্ব ছিল। তিনি পরিষদেব সদস্য ছিলেন না কিন্তু তাঁহার ন্যায় প্রথিতনামা গ্রন্থকারের মৃত্যুতে বাঙ্গালা-ভাষার ক্ষতি হইয়াছে বলিয়া সাহিত্য-পরিষৎ বিশেষ দুঃখিত।

(৩) আলোচ্য-বর্ষে প্রসিদ্ধ মহিলা-কবি নগেন্দ্রবালা সরস্বতীর মৃত্যু হইয়াছে। শেষাবস্থায় ইনি গদ্য-প্রবন্ধ-রচনাতেও বেশ সুখ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার কোষ-কাব্যগুলির পাঠক-সংখ্যা বড় অল্প নহে। ইঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

(৪) ৺ নৃত্যগোপাল কবিরত্ন কলিকাতার একজন প্রসিদ্ধ চিকিৎসক, একজন উৎকৃষ্ট

অধ্যাপক এবং একজন যশস্বী নাটককার ছিলেন। তিনি বাঙ্গালা ও সংস্কৃত ভাষায় কয়েকখানি নাটক লিখিয়া যশোলাভ করিয়া গিয়াছেন। বাঙ্গালা-নাটকগুলি ষ্টার থিয়েটারে সুখ্যাতির সহিত অভিনীত হইয়াছে। সংস্কৃত নাটকগুলি অভিনয়ার্থ তিনি টোলের ছাত্রবৃন্দকে লইয়া বাণীবিলাস-নাট্য-সম্প্রদায় গঠিত করেন। তাঁহার প্রণীত "রামাবদানম্" কাব্য জর্ম্মণীতে স্কুলপাঠ্য হইয়াছে। এ সৌভাগ্য কোন আধুনিক পণ্ডিতের ভাগ্যে ঘটে নাই। নিজের রচিত নাটক ব্যতীত বাণীবিলাস সম্প্রদায়দ্বারা সংস্কৃত প্রাচীন নাটকাদিরও অভিনয় করাইয়াছিলেন। এরূপ একজন সাহিত্যিককে হারাইয়া পরিষৎ বিশেষ দুঃখিত হইয়াছেন। তিনি পরিষদের সদস্য না হইলেও ইঁহার প্রতি বিশেষ শ্রদ্ধাবান্ ছিলেন। পরিষৎ তাঁহার অকাল-মৃত্যুতে বিশেষ দুঃখিত হইয়াছেন।

(৫) ৺ যোগীন্দ্রনাথ সেন মহাশয়ও একজন সুকবি ছিলেন। মোটর গাড়ী চাপা পড়িয়া অকালে অতি শোচনীয়রূপে তাঁহার মৃত্যু হয়। তিনি পরিষদের একজন ভূতপূর্ব্ব সদস্য ছিলেন। তাঁহার শোচনীয় অকাল-মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

(৬) ৺ উমেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ও ৺ আনন্দমোহন বাবুর ন্যায় পরোপকারী, স্বদেশহিতৈষী এবং সুবিদ্বান্ ছিলেন। তাঁহার মাতৃভক্তি বিশেষ প্রসিদ্ধ ছিল। তিনিও বাঙ্গালা সাহিত্যের প্রতি শ্রদ্ধান্বিত ছিলেন। তাঁহার নিত্য ব্যবহার্য্য পুস্তকাবলীর মধ্যে কৃত্তিবাসী রামায়ণ ও কাশীদাসী মহাভারত থাকিত। তাঁহার অধিকাংশ কার্য্যই রাজনীতি সংক্রান্ত ছিল। তাঁহার মত দেশসেবী সুসন্তানের মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

(৭) ৺ কৃষ্ণচন্দ্র মজুমদার অতি উচ্চ ভাবের সুকবি ছিলেন। তাঁহার "সদ্ভাব-শতক" তাঁহাকে অমর করিয়া রাখিবে। তিনি সুপ্রাচীন বয়সে দেহত্যাগ করিয়াছেন। তাঁহার মৃত্যুতে বঙ্গসাহিত্য-সংসারে একটী সুকবির অভাব হইল। এই শ্রেণীর কবি আর নাই বলিলেই হয়।

অধিবেশনাদি আলোচ্য বর্ষে পরিষদের (ক) মাসিক অধিবেশন দশটি ও (খ) বিশেষ অধিবেশন পাঁচটি হইয়াছিল। উহাতে যাঁহারা যে সকল প্রবন্ধ পাঠ করেন, তাহার তালিকা নিম্নে প্রদত্ত হইল।

(ক) মাসিক অধিবেশন।

১ম—৩ আষাঢ়, ১৩১৩ বঙ্গাব্দ, ১৭ জুন ১৯০৬ খৃষ্টাব্দ, রবিবার ;

"কুক্কুটপাদ গিরি" শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

২য়—২৭ শ্রাবণ ১৩১৩ বঙ্গাব্দ, ১২ আগষ্ট, ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

"বাঙ্গালা ভাষার ক্রমোন্নতি" (তৃতীয় প্রবন্ধ) শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ।

৩য়—৩ ভাদ্র ১৩১৩ বঙ্গাব্দ, ১৯ আগষ্ট ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

(১) "মৃত্যু ও পুনর্জীবনের মধ্যবর্ত্তী অবস্থা-সম্বন্ধে তিব্বতীয় মত,"

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ।

(২) মুণ্ডেশ্বরীর খোদিত-লিপি শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

৪র্থ—১০ ভাদ্র ১৩১৩ বঙ্গাব্দ, ২৬ আগষ্ট ১৯০৬ খৃষ্টাব্দ, রবিবার,

বাঙ্গালার ভূমিকম্প, শ্রীযুক্ত হেমচন্দ্র দাসগুপ্ত এম্ এ, এম্ আর এ এস্।

৫ম—৩০ ভাদ্র ১৩১৩ বঙ্গাব্দ, ১৫ সেপ্টেম্বর ১৯০৬ খৃষ্টাব্দ শনিবার,

(১) সার্ব্বজনীন ভাষা ও লিপি শ্রীযুক্ত নরেশচন্দ্র সেনগুপ্ত এম্ এ, বি এল্।

(২) লুচি তরকারি, (ভাষাতত্ত্ব) শ্রীযুক্ত ঋতেন্দ্রনাথ ঠাকুর।

৬ষ্ঠ—২৫ কার্ত্তিক ১৩১৩ বঙ্গাব্দ, ১১ নভেম্বর ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

(১) প্রতাপাদিত্যের কামানের কারখানা শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ।

(২) চীন পরিব্রাজকগণের বঙ্গ-বিবরণ শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

৭ম—৯ই অগ্রহায়ণ ১৩১৩ বঙ্গাব্দ, ২৫ নভেম্বর ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

বাঙ্গালা বিভক্তি শ্রীযুক্ত শ্রীনাথ সেন।

৮ম—২৩ অগ্রহায়ণ ১৩১৩ বঙ্গাব্দ, ৯ ডিসেম্বর ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

পাণিনি শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

৯ম—৪ঠা ফাল্গুন ১৩১৩ বঙ্গাব্দ, ১৬ ফেব্রুয়ারী ১৯০৭ খৃষ্টাব্দ, শনিবার,

(১) তিব্বতীয় গ্রন্থে উল্লিখিত সংস্কৃত-গ্রন্থকার কায়স্থ চাকাদাসের বিবরণ

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ।

(২) ভারতে শকাধিকার কাল ও কণিষ্ক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

১০ম—১২ ফাল্গুন ১৩১৩ বঙ্গাব্দ, ২৪ ফেব্রুয়ারী ১৯০৭ খৃষ্টাব্দ রবিবার,

(১) বঙ্গীয় ইতিহাসের উপকরণ সংগ্রহে ১৫ দিন, শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ।

(২) বৈজ্ঞানিক পরিভাষা, শ্রীযুক্ত হেমচন্দ্র দাসগুপ্ত

এম্ এ, এম্ আর এ এস্।

(খ) বিশেষ অধিবেশন।

১ম—৯ই আষাঢ় ১৩১৩ বঙ্গাব্দ, ২৩ জুন, ১৯০৬ খৃষ্টাব্দ শনিবার,

বাঙ্গালাবর্ণ-মালা ও বাঙ্গালা-ভাষা (প্রথম প্রবন্ধ), শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এল্।

২য়—১৬ আষাঢ় ১৩১৩ বঙ্গাব্দ, ৩০ জুন ১৯০৬ খৃষ্টাব্দ শনিবার,

বাঙ্গালা বর্ণ-মালা ও বাঙ্গালা ভাষা (দ্বিতীয় প্রবন্ধ), শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এল্।

৩য়—১৭ আষাঢ় ১৩১৩ বঙ্গাব্দ, ১লা জুলাই ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

বঙ্গভাষার ক্রমোন্নতি (প্রথম প্রবন্ধ), শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ।

৪র্থ—২৪ আষাঢ়, ১৩১৩ বঙ্গাব্দ, ৮ই জুলাই, ১৯০৬ খৃষ্টাব্দ রবিবার,

বাঙ্গালা ভাষার ক্রমোন্নতি (দ্বিতীয় প্রবন্ধ), শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ।

৫ম—২ চৈত্র ১৩১৩ বঙ্গাব্দ, ১৬ মার্চ্চ ১৯০৭ খৃষ্টাব্দ শনিবার।

(১) কবি গঙ্গারামের মহারাষ্ট্র-পুরাণ — শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।

(২) প্রদর্শনীতে পরিষৎ — শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ।

এই সকল প্রবন্ধের শ্রেণী-বিভাগ করিলে দেখা যায় প্রত্নতত্ত্ব বিষয়ে নয়টি, ভাষাতত্ত্ব সম্বন্ধে সাতটি, ভূতত্ত্ব সম্বন্ধে একটি, পরিভাষা সম্বন্ধে একটি, প্রাচীন সাহিত্য সম্বন্ধে একটি, পরিষৎ সম্বন্ধে একটি ও দর্শন বিষয়ে একটি প্রবন্ধ পঠিত হইয়াছিল। উপরোক্ত প্রবন্ধপাঠ ব্যতীত ঐ সকল মাসিক ও বিশেষ অধিবেশন পরিষৎ আরও কতকগুলি বিশেষ কার্য্য করিয়াছিলেন। নিম্নে তাহার বিবরণ প্রদত্ত হইল।

প্রথম মাসিক অধিবেশনে কবি ৺ যোগীন্দ্রনাথ সেন এম্ এ, বি এল্, অধ্যাপক ৺ মোহিত চন্দ্র সেন এম্ এ, অধ্যাপক ও নাটককার কবি ৺ নৃত্যগোপাল সেন কবিরত্ন কবিরাজ, ঔপন্যাসিক ৺ চণ্ডীচরণ সেন ও কবি ৺ নগেন্দ্রবালা সরস্বতীর মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।

চতুর্থ মাসিক অধিবেশনে ৺ আনন্দমোহন বসু মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।

পঞ্চম মাসিক অধিবেশনে সুলেখক ৺ রমেশচন্দ্র বসু মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।

ষষ্ঠ মাসিক অধিবেশনে ৺ ডাক্তার মহেন্দ্রনাথ মজুমদারের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়। এই অধিবেশনে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় কাশীস্থ পণ্ডিতগণের নিকট হইতে "বেদান্ত-রত্ন" উপাধি লাভ করায় আনন্দ প্রকাশ করা হয়।

নবম মাসিক অধিবেশনে সুপ্রসিদ্ধ দার্শনিক, দেশহিতৈষী ও বাগ্মী ৺ কালীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।

দশম মাসিক অধিবেশনে, ভারতীয়-শিল্প-কৃষি-প্রদর্শনী ক্ষেত্রে পরিষৎ যে প্রদর্শনী বসাইয়াছিলেন, তাহাতে কি ভাবের দ্রব্যাদি প্রদর্শিত হইয়াছিল, তাহার বিবরণ প্রদত্ত হয়।

কর্ম্মচারিগণ—দ্বাদশ বার্ষিক অধিবেশনে নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষদের কার্য্য পরিচালনে নিযুক্ত হইয়াছিলেন।

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্, সভাপতি।

" " " আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম্ এ, ডি এল্।

সহকারী সভাপতি।

" রবীন্দ্রনাথ ঠাকুর।

" ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এল্।

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, সম্পাদক।

" ব্যোমকেশ মুস্তফী।
" মন্মথমোহন বসু বি এ। } সহকারী সম্পাদক।

" নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব। পত্রিকা-সম্পাদক।

" অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, গ্রন্থরক্ষক।

„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, ধনরক্ষক।

„ নরেশচন্দ্র সেন গুপ্ত এম্ এ, বি এল্, ছাত্র সভ্যপরিদর্শক।

„ গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্, } আয়-ব্যয় পরীক্ষক।

„ ললিতচন্দ্র মিত্র এম্ এ, }

আলোচ্য বর্ষেও তৃতীয় সহকারী সম্পাদকের পদে কাহাকেও নিযুক্ত করা আবশ্যক হয় নাই।

কার্য্য-নির্ব্বাহক সমিতি—আলোচ্য বর্ষে এই সমিতিতে যাহারা নির্ব্বাচিত ও মনোনীত সদস্য ছিলেন, তাঁহাদের নাম :—

(ক) নির্ব্বাচিত সদস্যগণ।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ।

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্।

„ ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ।

„ হেমচন্দ্র দাস গুপ্ত এম্ এ, এম্ আর এ এস।

„ রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর।

„ বিহারীলাল সরকার।

„ সুরেশচন্দ্র সমাজপতি।

„ শৈলেশচন্দ্র মজুমদার।

(খ) মনোনীত সদস্যগণ।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত চন্দ্রকান্ত তর্কালঙ্কার।

কুমার „ শরৎকুমার রায় এম্ এ।

„ সত্যেন্দ্রনাথ ঠাকুর।

„ অমৃতকৃষ্ণ মল্লিক বি এল্।

এতদ্ভিন্ন আয়-ব্যয়-পরীক্ষকগণ ব্যতীত পরিষদের অন্যান্য কর্ম্মচারী সকলেই এই সমিতির সদস্য মধ্যে গণ্য ছিলেন।

আলোচ্য বর্ষে এই সমিতির দ্বাদশটি অধিবেশন হইয়াছিল। এই সকল অধিবেশনে পরিষদের নির্দ্দিষ্ট কার্য্য ব্যতীত যে সকল বিশেষ বিশেষ কার্য্যের অনুষ্ঠান করা হয়, তাহা নিম্নে উল্লিখিত হইল।

প্রথম অধিবেশনে স্থির হয়, বরিশালের নির্দ্দেশ অনুসারে কলিকাতায় সাহিত্য-সম্মিলনের অনুষ্ঠান জন্মাষ্টমীর ছুটিতে না হইয়া কংগ্রেসের সময় হইবে।

দ্বিতীয় অধিবেশনে গ্রন্থ প্রকাশ সমিতির নির্দ্দেশ অনুসারে ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়ের পুস্তকপ্রকাশ অনুমোদন করা হয়। ৺ অক্ষয় কুমার দত্ত মহাশয়ের পৌত্র শ্রীযুক্ত সত্যেন্দ্র নাথ দত্ত মহাশয় প্রস্তাব করেন, ৺ অক্ষয়কুমার দত্ত মহাশয়ের মর্ম্মর প্রস্তর-নির্ম্মিত-মূর্ত্তি-প্রতিষ্ঠার ভার যদি পরিষৎ গ্রহণ করেন, তাহা হইলে তিনি উহার ব্যয়ের এক তৃতীয়াংশ গ্রহণ করিতে প্রস্তুত আছেন। এ সম্বন্ধে স্থির হইল, পরিষদের অট্টালিকা প্রস্তুত হইয়া না গেলে, পরিষৎ এখন আর কোন বহু-ব্যয়-সাধ্য-বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবেন না, অতএব এই প্রস্তাব এখন স্থগিত থাকুক।

এই অধিবেশনে শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় প্রস্তাব কবেন যে ইটালীর ভাস্কর বইস্ সাহেব বিদ্যাসাগর মহাশয়ের নূতন মূর্ত্তি প্রস্তুত করিয়াছেন, বিদ্যাসাগর-স্মৃতি-সমিতি সেইটিই সংস্কৃত কলেজে বসাইবেন। পুরাতন মূর্ত্তিটিকে তাঁহারা দান করিতে পারেন, পরিষদে রাখিবার জন্য উহা প্রার্থনা করা হউক। সুরেশ বাবুর প্রস্তাব গৃহীত হয়।

এ সম্বন্ধে বিদ্যাসাগর স্মৃতি-সমিতির কর্ত্তৃপক্ষগণের সহিত সাক্ষাৎ করিয়া জানা যায়, যে ঐ পুরাতন মূর্ত্তি হয় মেট্রপলিটান ইনষ্টিটিউশনে নতুবা বিদ্যাসাগর মহাশয়ের দেশের স্কুলে দেওয়া হইবে। পরে শুনা গিয়াছে উহা ঐ দুই স্থানে দেওয়া হইবে না। আশা আছে, পরিষদের নূতন গৃহ নির্ম্মিত হইলে, উহা পাওয়া যাইবে।

তৃতীয় অধিবেশনে স্থির হয় গৃহ নির্ম্মাণের চাঁদা যাঁহাদের নিকট প্রাপ্য আছে তাহা অবিলম্বে আদায় করা হউক।

চতুর্থ অধিবেশনে 'মিউনিসিপ্যালিটি কর্ত্তৃক পরিষদের জমীর অল্পাংশ অন্যায় পূর্ব্বক দখলের কথা আলোচিত হইলে, পরিষদের এটর্ণী শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় উহার সম্বন্ধে যথা-কর্ত্তব্য করিবার ভার প্রাপ্ত হন।

পরিশেষে মিউনিসিপ্যালিটির কর্ম্মচারী ও পরিষদের কর্ম্মচারী জমীতে উপস্থিত হইয়া জমীর অধিকার অনধিকার সম্বন্ধে সীমা লইয়া বিচার করেন। পরে সার্ভে আপিসে উহার মীমাংসা জন্য দরখাস্ত করিবার ব্যবস্থা হয়। এজন্য কাশীমবাজারের মহারাজের কলিকাতার কর্ম্মাধ্যক্ষ যোগেন্দ্র বাবু জমীর প্রাচীন প্ল্যান ইত্যাদি লইয়া হীরেন্দ্র বাবুর সহিত দেখা করিবেন স্থির হয়। তাঁহার এ কার্য্যে বিলম্ব হয়, শেষে মিউনিসিপ্যালিটির উপরিতন কর্ম্মচারী তাঁহাদের প্রাচীন প্ল্যান দেখাইয়া পরিষদের কর্ম্মচারীদিগকে জমী মাপিয়া দেখাইয়া সীমা সম্বন্ধে মীমাংসা করিয়া দেন। এক্ষণে এ বিষয়ে আর কোন গোলযোগ নাই।

পঞ্চম অধিবেশনে স্থির হয় যে ভারতীয় শিল্প কৃষিক্ষেত্রে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ শিক্ষাসংক্রান্ত প্রদর্শনী বিভাগের মধ্যে সাহিত্যিক প্রদর্শনী বসাইতে পারেন। ইহার জন্য ব্যয়ও অনুমোদিত হইয়াছিল।

ষষ্ঠ অধিবেশনে শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি কংগ্রেস্ উপলক্ষে সাহিত্য-সম্মিলন করিবার কথা প্রস্তাব করেন। স্থির হইল, ৩১ ডিসেম্বর ছুটির সুবিধা আছে, ঐ দিন সাহিত্য সম্মিলন করা যাইতে পারে, কিন্তু ব্যয় সম্বন্ধে আলোচনা হইলে স্থির হইল, সুরেশ বাবু ও ব্যোমকেশ বাবু এক সপ্তাহের চেষ্টায় কতটা চাঁদা সংগ্রহ করিতে পারেন, তাহা

বুঝিয়া এ বিষয়ে শেষ মীমাংসা করা হইবে। হীরেন্দ্র বাবু এ বিষয়ে ইঁহাদের সাহায্য করিবেন।

সপ্তম অধিবেশনে স্থির হয়, ৩১ ডিসেম্বর সাহিত্য-সম্মিলন হওয়া সম্ভব নহে। আগামী সরস্বতী পূজা বা গুড্ ফ্রাইডের ছুটিতে উহার আয়োজন করা যাইতে পারে।

(সাহিত্য-সম্মিলনের স্বতন্ত্র বিবরণ দ্রষ্টব্য)

অষ্টম অধিবেশনে মার্টিন কোম্পানীকে গৃহ নির্ম্মাণের আদেশ দিবার ভার সম্পাদকের উপরি অর্পিত হইল।

এই অধিবেশনে ভূতপূর্ব্ব সুরভি-পতাকার সম্পাদক শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র বসু মহাশয় প্রস্তাব করেন, পরিষদে একটি শিক্ষা বিভাগ স্থাপিত হউক, তাহাতে কয়েকজন অভিজ্ঞ ব্যক্তি প্রত্নতত্ত্ব, প্রাচীন সাহিত্য, ভাষাতত্ত্ব, পরিভাষা, ভাষাতত্ত্ব ইত্যাদি বিষয় সম্বন্ধে ধারাবাহিক উপদেশ দিবেন এবং শ্রোতৃবর্গ ছাত্রের ন্যায় সেই সকল উপদেশ শুনিয়া তত্তদ্বিষয়ে আলোচনা করিতে শিখিবেন ও পরীক্ষা দিবেন। এই প্রস্তাব অতি গুরুতর বলিয়া ভবিষ্যতে আলোচনার জন্য স্থগিত আছে।

এই অধিবেশনেই ছাত্র সভ্য সংগ্রহ সম্বন্ধে রামেন্দ্র বাবু প্রমুখ অধ্যাপক বৃন্দকে ভার দেওয়া হইয়াছে।

নবম অধিবেশনে বহরমপুরের সাহিত্য-সম্মিলন প্রস্তাব গৃহীত হয়।

এই অধিবেশনে শিল্প কৃষিপ্রদর্শনীর কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক পরিষৎকে স্বর্ণপদক দানের কথা মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ জানাইলেন ; স্থির হইল পদকাদি পুরস্কার দান অপেক্ষা পরিষদের সম্ভ্রমবর্দ্ধক কোনরূপ ব্যবস্থা করিলে পরিষদের সন্তোষকর হইবে।

এই অধিবেশনে শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় পত্রিকার ও পঞ্জিকার সৌষ্ঠব বর্দ্ধনের জন্য কতক বিষয়ের উল্লেখ করেন। উহার সম্পাদনের ভার প্রস্তাবকের উপর অর্পিত হইয়াছে।

দশম অধিবেশনে সাহিত্য সম্মিলনের নাম "প্রাদেশিক সাহিত্য সম্মিলন" রাখা হয় এবং আয়োজনের জন্য নানাবিধ কার্য্যের ব্যবস্থা করা হয়।

একাদশ অধিবেশনে মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের জ্যেষ্ঠ পুত্রের অকাল মৃত্যুতে শোক প্রকাশ এবং সাহিত্য-সম্মিলন বন্ধ করিবার প্রস্তাব গৃহীত হয়।

দ্বাদশ অধিবেশনে মার্টিন কোম্পানীর গৃহ নির্ম্মাণ সম্বন্ধীয় বন্দোবস্তের আলোচনা করা হয় এবং তাহার শেষ মীমাংসার জন্য সহকারী সম্পাদকগণ এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের উপর ভার দেওয়া হয়।

এতদ্ভিন্ন ১লা মাঘ সময়াভাবে লিখিত পত্র দ্বারা কার্য্যনির্ব্বাহক সমিতির অনুমতি গ্রহণ করিয়া ভারতীয় শিল্প কৃষিপ্রদর্শনী ক্ষেত্রে প্রদর্শনীর কর্ত্তৃপক্ষগণের অনুরোধে

তাঁহাদের সহিত একযোগে সরস্বতী পূজা উপলক্ষে দুইদিন সারস্বত সম্মিলনের অনুষ্ঠান করা হয়।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা,—আলোচ্য বর্ষের মধ্যে ত্রয়োদশ বর্ষের পত্রিকার তৃতীয় সংখ্যা পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে, চতুর্থ সংখ্যাও যন্ত্রস্থ। এবার পত্রিকায় প্রত্নতত্ত্ব সম্বন্ধীয় প্রবন্ধই অধিক স্থান পাইয়াছে। পত্রিকার সৌষ্ঠব বৃদ্ধির জন্য এবার নানা প্রবন্ধে ছবি, নক্‌সা ও শিলালিপির প্রতিলিপি ইত্যাদি প্রকাশ করা হইয়াছে।

পরিষদ্‌-গ্রন্থাবলী—আলোচ্য বর্ষে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" শ্রেণীতে আরব্ধ সকল গ্রন্থের ছাপাই শেষ হইয়া গিয়াছে। কেবল "দুর্গামঙ্গল" এখনও শেষ হয় নাই। মাণিক গাঙ্গুলির ধর্ম্ম মঙ্গলের ভূমিকা যাহা দীনেশ বাবুর লিখিবার ভার ছিল, তাহা পত্রিকায় স্বতন্ত্র প্রবন্ধরূপে ছাপা হইয়াছে। ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি, এস্‌সি মহাশয়ের প্রণীত "নব্য রসায়নী বিদ্যা" গ্রন্থ এবং শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল সম্পাদিত "প্রতাপাদিত্য" আলোচ্য বর্ষে পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

লালগোলার রাজা বাহাদুরের প্রদত্ত সাহায্যে গত বৎসর "নবদ্বীপ পরিক্রমা" ছাপা হইতেছিল বলিয়া বিজ্ঞাপিত হইয়াছিল, কিন্তু উহা অতি বৃহৎ গ্রন্থ হওয়াতে উক্ত রাজা বাহাদুরের প্রদত্ত অর্থে রমাই পণ্ডিতের "শূন্য পুরাণ" ছাপিবার ব্যবস্থা হইয়াছে। "শূন্য পুরাণ"খানিকে এ পর্য্যন্ত শ্রুতনাম যাবতীয় প্রাচীন বাঙ্গালা গ্রন্থেরও প্রাচীন গ্রন্থ বলা যাইতে পারে। ইহার দুই খানি পুথি পাওয়া গিয়াছে, তাহা হইতে শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু মহাশয় উহা সম্পাদন করিতেছেন। গ্রন্থের অর্দ্ধাংশ ছাপা হইয়া গিয়াছে। ইহাতে বহু শত বৎসর পূর্ব্বের বাঙ্গালা কবিতা ও গদ্যের উদাহরণ আছে। ইহা একখানি অপূর্ব্ব গ্রন্থ। নগেন্দ্র বাবুর চেষ্টায় এই পুস্তক আবিষ্কৃত, সাহিত্য-পরিষদের যত্নে এবং লালগোলার রাজা বাহাদুরের অর্থে প্রকাশিত হওয়াতে বাঙ্গালা ভাষার মহদুপকার সাধিত হইল। ইহার ন্যায় সুপ্রাচীন বাঙ্গালা গ্রন্থ আর এখনও প্রকাশিত হয় নাই। হিন্দু সমাজে এখন "ধর্ম্ম পূজার" আকারে যে প্রচ্ছন্ন বুদ্ধোপাসনা প্রচলিত আছে, রমাই পণ্ডিত তাহার মাহাত্ম্য-গ্রন্থের আদি লেখক। এই "শূন্য পুরাণই" ধর্ম্মমঙ্গল শ্রেণীর আদি গ্রন্থ।

রামকৃষ্ণ আদকের ধর্ম্মমঙ্গলের সমস্ত প্রতিলিপি আলোচ্য বর্ষে হস্তগত না হওয়ায় উহার ছাপার কোন ব্যবস্থা হয় নাই।

দীনেশ বাবুর সম্পাদকতায় মূল গ্রন্থ দৃষ্টে যে কবিকঙ্কণ চণ্ডী ছাপা হইবার আয়োজন হইতেছিল, তাহা যন্ত্রস্থ হইয়াছে।

দীঘাপতিয়ার কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্‌ এ, মহাশয়ের সাহায্যে শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয় ঐতরেয় ব্রাহ্মণের যে অনুবাদ করিতেছিলেন, তাহার ছাপা প্রায় শেষ হইয়াছে, ১৩১৪ বঙ্গাব্দের মধ্যেই প্রকাশিত হইবে।

শ্রীযুক্ত রথীন্দ্রনাথ ঠাকুর অশ্বঘোষের বুদ্ধদেব চরিতের যে অনুবাদ করিয়াছেন, তাহাও ১৩১৪ বঙ্গাব্দেই প্রকাশিত হইবে।

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় বিদ্যাপতির যে কবিতা-সংগ্রহ সম্পাদন করিতেছেন, তাহাও শীঘ্র প্রকাশিত হইবে। দ্বারবঙ্গের মহারাজ উহার নাগরাক্ষরে এক সংস্করণ প্রকাশ করিবার ভারও নগেন্দ্র বাবুকে দেওয়ায় উভয় সংস্করণ একত্র প্রকাশের জন্য নগেন্দ্র বাবু বিশেষ পরিশ্রম করিতেছেন।

এতদ্ভিন্ন দীঘাপতিয়ার কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ, মহাশয়ের অর্থ সাহায্যে এবং লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের অর্থ সাহায্যে ভারতের আর দুইখানি মহাগ্রন্থের বঙ্গানুবাদ পরিষদ্‌গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইবার ব্যবস্থাও আলোচ্যবর্ষে করা হইয়াছে। দীঘাপতিয়ার কুমার বাহাদুরের সাহায্যে "শতপথ ব্রাহ্মণের" বঙ্গানুবাদ বাহির হইবে,—অনুবাদক পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী ; এবং লালগোলার রাজা বাহাদুরের সাহায্যে রামানুজ প্রণীত শ্রীভাষ্যের বঙ্গানুবাদ হইবে,—অনুবাদক পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ।

এতদ্ভিন্ন এ বৎসরেও প্রাচীন বাঙ্গালা গ্রন্থ প্রকাশের জন্য লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্র-নারায়ণ রায় বাহাদুর ৩০০৲ টাকা, যাহা কয়েক বৎসর দিয়া আসিতেছেন, তাহা দিয়াছেন।

শাখা-সমিতি—আলোচ্য বর্ষে পরিষদের শাখা-সমিতিগুলির পুনর্গঠন করা হইয়াছে। পূর্ব্বে পরিষদের অনেকগুলি শাখা-সমিতি ছিল ; শেষে ১৩০৯ সালে এইগুলি ভাঙ্গিয়া পাঁচটী স্থায়ী শাখা-সমিতি গঠিত করা হয়। তাহাদের দ্বারাও কার্য্য কিছুই অগ্রসর হইতেছে না দেখিয়া আলোচ্য বর্ষের প্রারম্ভে পাচটিকে ভাঙিয়া দুইটি করা হইয়াছে,—(১) গ্রন্থ-প্রকাশ সমিতি ও (২) শব্দ সমিতি। ঐ পাচটি শাখা সমিতির সভ্যগণ হইতে নির্ব্বাচন করিয়া ঐ দুই সমিতি পুনর্গঠিত হইবে।

গৃহনির্ম্মাণ সমিতি—এ বৎসর এই সমিতির পরামর্শমত মিউনিসিপ্যালিটির অনুমোদিত নক্সা অনুসারে মার্টিন কোম্পানীকেই গৃহনির্ম্মাণের আদেশ দিবার ব্যবস্থা হইয়া গিয়াছে। মার্টিন কোম্পানী সমস্ত অট্টালিকার ব্যয়ের যে এষ্টিমেট দিয়াছেন, তাহার টাকা কিরূপ নিয়মে পরিশোধ করা হইবে, তাহার লেখা পড়াই বা কিরূপ হইবে, ইত্যাদি বিষয়ে এখন পত্র ব্যবহার চলিতেছে। আশা করা যায়, ১৩১৪ সালের প্রারম্ভেই সমস্ত স্থির হইয়া, গৃহনির্ম্মাণ কার্য্য আরম্ভ হইবে।

স্মৃতি চিহ্নাদি—আলোচ্য বর্ষে পরিষদের সভাগৃহে ৺ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের এক খানি তৈলচিত্র এবং পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা ৺ক্ষেত্রপাল চক্রবর্ত্তী মহাশয়ের একখানি তৈলচিত্র রাখা হইয়াছে। উভয় চিত্রই উভয়ের পুত্রের নিকট হইতে পাওয়া গিয়াছে। এজন্য তাঁহারা পরিষদের কৃতজ্ঞতাভাজন।

পুস্তকালয়,—১৩১২ সালের শেষে, এই পুস্তকালয়ে ৩৭৮৯ খানি পুস্তক ও ৫২৫ খানি পুথি ছিল। আলোচ্য বর্ষে পুস্তক সংখ্যা মোট ৪৩৬৬ এবং পুথির সংখ্যা মোট ৪৩৬ হইয়াছে। ইহার ৪০৯ খানি পুস্তক উপহার-প্রাপ্ত এবং ১৬১ খানি ক্রীত হইয়াছে। ইহার মধ্যে বাঙ্গালা ৩৩০২, ইংরাজী ১৩৯, সংস্কৃত ২৭৬, বিবিধ ভাষায় ৪৯ মোট ৪৩৬৬। বাঙ্গালা ও সংস্কৃত পুথি ভিন্ন কতক পারসী গ্রন্থও এবার উপহার পাওয়া গিয়াছে। পুথিগুলি সমস্তই উপহার প্রাপ্ত, উহার সংখ্যা ৬০। উহার ৪১ খানি বাঙ্গালা, ৩ খানি সংস্কৃত, ১৬ খানি অন্য ভাষায়।

পাঠাগার—এবৎসর পাঠাগারে 'পল্লীবার্ত্তা,' 'স্বদেশী', 'সুমতি', 'Motherland', 'Punjab Times', 'বঙ্গবান্ধব' প্রভৃতি কয়েকখানি সাপ্তাহিক ও মাসিক পত্র নূতন আসিতেছে। পুরাতন পত্রিকাদির মধ্যে, 'ভারতবর্ষ', 'নববার্ত্তা', 'দৈনিক চন্দ্রিকা', 'সংবাদ প্রভাকর', 'প্রদীপ' 'ইস্লাম-প্রচারক', 'কমলা', 'বঙ্গভাষা' প্রভৃতি বন্ধ হইয়া গিয়াছে। 'Telegraph' পত্রখানি দৈনিক ছিল এখন সাপ্তাহিক আকারে চলিতেছে। "শিকদার বাগান বান্ধব পুস্তকালয়" আলোচ্য বর্ষের অগ্রহায়ণ মাস হইতে পরিষদ্গৃহে আশ্রয় লওয়ায় তৎসম্পর্কে অনেকগুলি ইংরাজী সাপ্তাহিক পত্রও পাঠাগারের পুষ্টিসাধন করিয়াছে।

পুথি সংগ্রহ - এ বৎসরেও পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের যত্নে কতকগুলি পুথি সংগৃহীত হইয়াছে। বেলিয়াতোড় নিবাসী পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয় কতকগুলি পুথি ও হাতে লেখা পারসী গ্রন্থ প্রদান করিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

প্রাচীন পুস্তক সংগ্রহ - এ বৎসরে প্রাচীন পুস্তকের মধ্যে অধিকাংশই ক্রীত হইয়াছে। রামরাম বসুর 'লিপিমালার' ন্যায় পুস্তকও এ বৎসর সংগ্রহ করিতে পারা গিয়াছে। ক্রীত পুস্তকের মধ্যে Bengal Administration Report, Educational Pamphlets, ও Asiatic Researches ক্রয় করা হইয়াছে। শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় প্রভৃতি হিতৈষী সদস্য কতিপয় প্রাচীন পুস্তক উপহার দিয়াছেন। (পরিশিষ্ট দেখ)।

প্রদর্শনীতে পরিষৎ—আলোচ্যবর্ষে কলিকাতায় কংগ্রেস উপলক্ষে ভারতীয় শিল্প ও কৃষি প্রদর্শনী হয়। এই প্রদর্শনীর মুখ্য উদ্দেশ্য ভারতীয় শিল্পজাত ও কৃষিজাত দ্রব্যের প্রদর্শন হইলেও ইহার কর্ত্তৃপক্ষগণ শিক্ষা সংক্রান্ত দ্রব্যাদি প্রদর্শনের জন্য একটি বিভাগ (Educational Section) রাখিবার ব্যবস্থা করেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদক মহাশয়ের সহিত প্রদর্শনীর কোন কোন অনুষ্ঠাতার কথাবার্ত্তা হইলে পরিষৎ উক্ত প্রদর্শনী ক্ষেত্রে স্বসংগৃহীত প্রাচীন পুথি ও পুস্তকরাশি মাত্র লইয়া যাইবার ব্যবস্থা করেন। তখন পরিষদের হস্তে উহা ব্যতীত আর কিছুই প্রদর্শনের যোগ্য বস্তু ছিল না। তাহার পর ২৮শে কার্ত্তিক (১৪ই নভেম্বর) কার্য্যনির্ব্বাহক সমিতির পঞ্চম অধিবেশনে এই বিষয়ে কর্ত্তব্য অবধারিত হইলে পরিষৎ প্রদর্শনীর উদ্যোগ করেন। কেবল পুরাতন পুস্তক ও প্রাচীন পুথি দেখিতে সর্ব্বসাধারণের উৎসাহ

হইবে না বুঝিয়া ঐতিহাসিক স্থানাদির ফটোগ্রাফ এবং কৌতূহলজনক প্রাচীন দ্রব্যাদি সংগ্রহের চেষ্টা করা হয়। পরিষৎ হইতে শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি, এ ও ফটোগ্রাফার শ্রীযুক্ত তপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় প্রদর্শনীর জন্য বর্দ্ধমান ও মুর্শিদাবাদের কতকগুলি বিখ্যাতস্থানের দেব-মন্দিরাদির ফটোগ্রাফ ও বিবরণ আনিবার জন্য নিযুক্ত হন। ইঁহারা ১৫ দিন ঘুরিয়া অনেক-গুলি ফটোগ্রাফ ও অনেক ঐতিহাসিক বিবরণ সংগ্রহ করিয়া আনেন। ইঁহারাই পরিষদের সম্পাদক মহাশয়ের নির্দ্দেশমত মুর্শিদাবাদ ভরতপুরে গদাধর গোস্বামীর বাড়ী হইতে সর্ব্বাপেক্ষা কৌতূহলোদ্দীপক বস্তু মহাপ্রভু চৈতন্যদেবের হস্তাক্ষরের ফটোগ্রাফ সংগ্রহ করিয়া আনেন। পরিষদের গণ্যমান্য সম্ভ্রান্ত সদস্যবৃন্দেব নিকট এবং রাজন্যবর্গের নিকট ঐরূপ সমস্ত দ্রব্যাদি হাওলাতস্বরূপ প্রার্থনা করা হয়। কুচবিহারাধিপতি ও নাটোরাধিপতি এ বিষয়ে পরিষৎকে বিশেষ সাহায্য করেন। মহারাজ সার যতীন্দ্রমোহন ঠাকুর বাহাদুর, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত শিবচন্দ্র শীল, শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্র, শ্রীযুক্ত নিখিলনাথ রায়, শ্রীযুক্ত মণিমোহন সেন, শ্রীযুক্ত কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী, শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার, কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ, শ্রীযুক্ত মণীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত অনুকূলচন্দ্র নাথ, শ্রীমতী সারদাসুন্দরী ঘোষ, শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ সিংহ, শ্রীযুক্ত নফরচন্দ্র রায়, কুমার শ্রীযুক্ত অনাথকৃষ্ণ দেব, শ্রীযুক্ত ক্ষেত্রনাথ চূড়ামণি, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত রাধাগোবিন্দ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, শ্রীপীতাম্বর সরকার কোম্পানী, শ্রীযুক্ত শ্রীশচন্দ্র অধিকারী, শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রামকমল সিংহ, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু এবং রঙ্গপুর ও ভাগলপুরের শাখা-পরিষৎ, ফটোগ্রাফ, পুস্তক, মানচিত্র, পুথির চিত্রিত পাটা, প্রাচীন দেবমূর্ত্তি, বিবিধ প্রসিদ্ধ প্রাচীন ব্যক্তির হস্তাক্ষর, প্রাচীন কামানের গোলা প্রভৃতি বহুবিধ বস্তু পাঠাইয়া দিয়া পরিষদের প্রদর্শনীকে বিশেষরূপে সজ্জিত ও কৌতূহলজনক করিবার পক্ষে বিশেষরূপে সাহায্য করিয়াছিলেন। পরিষদের প্রদর্শনীতে যে সকল দ্রব্য উপস্থিত করা হইয়াছিল, তাহার শ্রেণীবিভাগ করিয়া পরিশিষ্টে মুদ্রিত করা হইল। মূল প্রদর্শনী ৬ই পৌষ শুক্রবার খোলা হয়। পরিষদের প্রদর্শনীও সেইদিন হইতেই খোলা হইয়াছিল। প্রদর্শনী গৃহ সাজাইবার জন্য যে সকল বস্তু আবশ্যক হইয়াছিল, তাহা সমস্তই স্বদেশী। ৬ই পৌষ হইতে ১৪ই ফাল্গুন পর্য্যন্ত সপ্তাহাধিক দুই মাসকাল প্রদর্শনী খোলা ছিল। প্রত্যহ বেলা ১০টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত মেলা খোলা থাকিত। সপ্তাহে দুই দিন মহিলা দর্শকের জন্য নির্দ্দিষ্ট ছিল। এই সকল দিনে অবরোধবাসিনী অন্তঃপুরিকাগণের ভিড় হইত। পরিষদের কর্ম্মচারিগণ ব্যতীত শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি, এ, শ্রীযুক্ত অমৃতগোপাল বসু, শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত বঙ্কুবিহারী চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত মণিমোহন মুখো-পাধ্যায় শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এই কয় ব্যক্তি সর্ব্বদা প্রদর্শনীক্ষেত্রে উপস্থিত থাকিয়া

পরিষদের বিশেষ উপকার করিয়াছিলেন। পরিষদের প্রদর্শনী যতদিন ছিল, প্রত্যহ তাহাতে প্রদর্শিত দ্রব্যের বিবরণাদি দর্শকগণকে অনবরত বুঝাইয়া দেওয়া হইত। কোন্ দ্রব্যটি কি, কোথায় পাওয়া গিয়াছে, কতকালের, কাহার সহিত কোন্ ঐতিহাসিক, সামাজিক বা ব্যক্তিগত স্মৃতি জড়িত তাহা বুঝাইয়া দেওয়া হইত। ইহাতে দর্শকগণের দেখিবার ও বুঝিবার সুবিধা হইত বলিয়া পরিষদের গৃহে দিবারাত্র দর্শকের ভিড়ের অবধি থাকিত না। মহিলা দর্শনার্থিনীরাও ইহার প্রতি বিশেষ আকৃষ্ট হইয়াছিলেন। মহিলা শিল্পগৃহে তাঁহাদের কৌতূহল যতটা না বর্দ্ধিত হইত এখানে আসিয়া তাঁহারা তাহার অপেক্ষা বেশী আনন্দ ও তৃপ্তিলাভ করিতেন। অনেক বিজ্ঞ ব্যক্তি এই সকল দেখিয়া শুনিয়া পরিষদের কর্ম্মচারিবৃন্দকে উপদেশ দিতেন,—"পরিষৎ এই সকল দ্রব্যাদি লইয়া এবং এইরূপ আরও বিস্তর দ্রব্য সংগ্রহ করিয়া একটি চিত্রশালা স্থাপন করুন।" পরিষদের নূতন অট্টালিকায় এ বিষয়ের ব্যবস্থা করা হইবে শুনিয়া অনেকে তৃপ্ত হইতেন। দর্শকদিগের মন্তব্য হইতে বুঝা যায় পরিষদের প্রদর্শনীতে পরিষদের উদ্দেশ্য বিশেষ সফল হইয়াছে। প্রাচীন জিনিষ দর্শন, রক্ষণ ও সংগ্রহ যে বিশেষ তৃপ্তির, আদরের এবং গৌরবের তাহা লোকে বেশ হৃদয়ঙ্গম করিয়াছে। পরিষদের হিতৈষীরা চেষ্টা করিলে এখন এসকল বিষয়ে সহজে কার্য্য করিতে পারিবেন। পরিষদের প্রদর্শনীতে এসকল বিষয়ের জন্য লোককে সাহায্য করিতে প্রস্তুত করিয়া তুলিয়াছে। এতদ্ভিন্ন বাঙ্গালা দেশের সকল শ্রেণীর বাঙ্গালীর মধ্যে ও বাঙ্গালার বাহিরে ভারতীয় অন্যান্য প্রদেশের লোকের নিকটেও পরিষদের নাম ও উদ্দেশ্য বিশেষভাবে প্রচারিত হইয়াছে। এজন্য ইংরাজী বাঙ্গালায় পরিষদের সংক্ষিপ্ত বিবরণ পুস্তিকা ছাপাইয়া মেলাস্থানে বিতরণ করা হইয়াছিল। পরিষদের প্রদর্শনী দেখিতে যেসকল গণ্যমান্য সম্ভ্রান্ত লোক উপস্থিত হইয়াছিলেন তন্মধ্যে কতকগুলির নাম নিম্নে প্রদত্ত হইল:—মাননীয় লেফ্‌টেনাণ্ট গবর্ণর বাহাদুর ও তাঁহার পত্নী ও মন্ত্রীবর্গ, আমেরিকার কনসল্ জেনারেল মাননীয় উইলিয়ম্ এইচ্ মাইকেল, মাননীয় বিচারপতি শ্রীযুক্ত বিহারীলাল গুপ্ত, মাননীয় বিচারপতি শ্রীযুক্ত প্রতুলচন্দ্র চট্টোপাধ্যায়, মাননীয় বিচারপতি হোমউড ও তৎপত্নী, মাননীয় সার চন্দ্রমাধব ঘোষ, মাননীয় মহারাজ রামেশ্বর সিংহ বাহাদুর (দ্বারবঙ্গেশ্বর), হাতোয়ার বালক মহারাজ, রাজা প্রমদানাথ রায় বাহাদুর, রাজা পিয়ারীমোহন মুখোপাধ্যায়, রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, মহারাজ সার যতীন্দ্রমোহন ঠাকুর বাহাদুর, মহারাজকুমার সার প্রদ্যোতকুমার ঠাকুর, মহামহোপাধ্যায় কামাখ্যানাথ তর্কবাগীশ, মহামহোপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ, রায় রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর, মাননীয় ভূপেন্দ্রনাথ বসু, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, কর্ণেল ফিলট, শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর, ডাঃ জগদীশচন্দ্র বসু, ডাঃ প্রফুল্লচন্দ্র রায়, ডাঃ পি, কে, রায়, শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার, শ্রীযুক্ত ব্রজেন্দ্রকুমার শীল, এতদ্ভিন্ন মান্দ্রাজের ডাঃ গোপাল চার্লু, পণ্ডিত উমাপতি দত্ত শর্ম্মা, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী প্রভৃতি।

পরিষদের প্রদর্শনীর বিশেষ বিবরণ ইংরাজী বাঙ্গালা নানা সংবাদপত্রেই প্রকাশিত হইয়াছে।

পরিষদের গৃহ—আলোচ্য বর্ষে পরিষদের বর্ত্তমান, কার্য্যালয়ে পরিষদের অধিবেশনাদি ব্যতীত গৌরীবেড় পুস্তকালয়ের ২২শ বার্ষিক অধিবেশন এখানে হয়। এই সভায় শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, মহাশয় সভাপতি ছিলেন ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, মহাশয় "বৌদ্ধযুগের ধর্ম্ম প্রচারকগণ" সম্বন্ধে বক্তৃতা করিয়াছিলেন। এতদ্ভিন্ন—শিকদারবাগান বান্ধব পুস্তকালয়ের কার্য্যনির্ব্বাহক সমিতির অধিবেশনাদি হইয়াছিল। অবশেষে শিকদারবাগান বান্ধব পুস্তকালয়ের আশ্রয় স্থান নষ্ট হইয়া যাওয়ায় ২০ বৎসরের পুরাতন এই পুস্তকালয়টি ধ্বংস হইয়া যাইবার উপক্রম হয়। পুস্তকালয়ের কর্ত্তৃপক্ষগণ স্থান প্রার্থনা করায় কার্য্যনির্ব্বাহক সমিতির সপ্তম মাসিক অধিবেশনে উহা গ্রাহ্য করা হইয়াছে। তদবধি আজ ৫।৬ মাস কাল পরিষদের মধ্যগৃহে বান্ধব পুস্তকালয় রহিয়াছে।

ছাত্রসভ্য—আলোচ্য বৎসরে ছাত্র সভ্যগণের দুইটি অধিবেশন হয় কিন্তু উৎসাহ অভাবে এই বিভাগে কোন উন্নতি হয় নাই, এজন্য কার্য্যনির্ব্বাহক সমিতির অষ্টম অধিবেশনে ছাত্রসভ্য বিভাগ পুনর্গঠনের জন্য যে নূতন প্রস্তাবাদি হইয়াছে তাহার কার্য্য আলোচ্যবর্ষে কিছু করা হয় নাই। আশা করা যায় আগামী বর্ষে গ্রীষ্মাবকাশের পর স্কুলকলেজ খুলিলে ভারপ্রাপ্ত কর্ম্মচারীরা এ বিষয়ে মনোযোগী হইবেন।

বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ জন্মলাভের কিছু দিন পরেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিকট ও বাঙ্গালা গবর্ণমেণ্টের নিকট স্কুলকলেজে বাঙ্গালা সাহিত্যালোচনার উপায় নির্দ্ধারণ জন্য আবেদন করেন। ইংরাজী-স্কুলের উচ্চশ্রেণীতে বাঙ্গালায় শিক্ষাদান অনুচিত বলিয়া গবর্ণমেণ্ট তখন পরিষদের আবেদন অগ্রাহ্য করেন। বিশ্ববিদ্যালয় বহু আলোচনার পর এফ, এ ও বি, এ পরীক্ষায় বাঙ্গালা রচনা পরীক্ষার প্রবর্ত্তন মাত্র করিয়া নিরস্ত ছিলেন। কিছু দিন পরেই বাঙ্গালা গভর্ণমেণ্ট শিক্ষা সংস্কারে প্রবৃত্ত হইয়া ইংরাজী স্কুলে বাঙ্গালা ভাষার সাহায্যে শিক্ষা প্রবর্ত্তনের ব্যবস্থা করিলেন। পরিষদের যে প্রস্তাব কতিপয় বৎসর পূর্ব্বে অনুচিত বোধ হইয়াছিল তাহাই এক্ষণে সমুচিত বলিয়া গৃহীত হইল। ভারত গবর্ণমেণ্ট Indian Educational Policy অর্থাৎ ভারতীয় শিক্ষাপদ্ধতি সম্বন্ধে যে Resolution অর্থাৎ প্রস্তাব প্রকাশ করিলেন, তাহাতেও পরিষদের প্রস্তাব সর্ব্বতোভাবে সমর্থিত হইল। বিশ্ববিদ্যালয়ের সংস্কার জন্য যে Commission অর্থাৎ অনুসন্ধান সমিতি বসিয়াছিল, সেই সমিতিও উচ্চশিক্ষায় বাঙ্গালা সাহিত্যের আলোচনা সমর্থন করিয়া এম্, এ, পরীক্ষাতেও বাঙ্গালা প্রবর্ত্তনের অনুরোধ করেন। আলোচ্যবর্ষে বিশ্ববিদ্যালয়-সম্পর্কে নূতন আইন অনুসারে বিশ্ববিদ্যালয় বিধি সঙ্কলনের জন্য বিশ্ববিদ্যালয়ের ছয় জন সদস্যকে লইয়া যে সমিতি গঠিত হয়, সেই সমিতি সিমলায় বসিয়া নূতন বিধি সঙ্কলন করেন। সেই সমিতির নির্দ্দেশানুসারে উচ্চ শিক্ষায় বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য স্থান পাইয়াছে। নিয়ম হইয়াছে যে, (১) প্রবেশিকা পরীক্ষার্থী ইতিহাসের পরীক্ষায় বাঙ্গালায় উত্তর লিখিতে পারিবে, (২)

উচ্চ শিক্ষার মধ্যপরীক্ষায় (Intermediate in Arts) পরীক্ষায় প্রত্যেক ছাত্রকেই—বাঙ্গালা বা তদ্বিধ অন্যভাষা-সম্বন্ধে পৃথক্ পরীক্ষা দিতে হইবে, তজ্জন্য বিশ্ববিদ্যালয় পাঠ্যগ্রন্থ নির্দ্দেশ করিয়া দিবেন, (৩) বি, এ পরীক্ষায় প্রত্যেক ছাত্রকে বাঙ্গালা সাহিত্যের পরীক্ষা পৃথক্ ভাবে উত্তীর্ণ হইতে হইবে, তজ্জন্য বিশ্ববিদ্যালয় পাঠ্যগ্রন্থ নির্দ্দেশ করিয়া দিবেন। এতদ্ব্যতীত বিধান হইয়াছে যে, প্রাচীন বাঙ্গালা গ্রন্থাদির প্রকাশ বিষয়ে ও বাঙ্গালা ভাষায় ইতিহাসাদি আলোচনায় অর্থসাহায্য করিবেন। ১৩০৩ সালে, দশ বৎসর পূর্ব্বে, সাহিত্য-পরিষৎ যে প্রার্থনা লইয়া বিশ্ব-বিদ্যালয়ের দ্বারে উপস্থিত হইয়া আশানুরূপ ফল পান নাই, অধিকন্তু অনেক পণ্ডিতের নিকট উপহাসের পাত্র হইয়াছিলেন, দশবৎসর পরেই পরিষদের সেই প্রার্থনা সর্ব্বাংশে পূর্ণ হইয়াছে। দেশের উচ্চশিক্ষা-কার্য্যে বাঙ্গালার এই স্থান দেখিয়া ও পরিষদের বহু দিনের মনোরথ পূর্ণ হইতে দেখিয়া পরিষৎ পরম আনন্দ লাভ করিয়াছেন। সিমলা-সমিতির সদস্যগণের নিকট বিশেষতঃ ঐ সমিতির সভাপতি, বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম্, এ, ডি, এল্, মহাশয় যিনি আজ দুই বৎসরকাল পরিষদের সহকারী সভাপতির আসন অলঙ্কৃত করিয়া পরিষৎকে সম্মানিত করিয়াছেন, তাঁহার নিকট পরিষৎ এ জন্য যে বিশেষ কৃতজ্ঞ, তাহা বলা বাহুল্য। শিক্ষা-কমিশনের সদস্যগণের নিকটেও পরিষদের কৃতজ্ঞতা অল্প নহে।

জাতীয় শিক্ষা পরিষদে বাঙ্গালা—সরকারী বিশ্ববিদ্যালয় যেখানে বাঙ্গালা সাহিত্যের সমুচিত সম্মান দেখাইয়াছেন—সেখানে নবপ্রতিষ্ঠিত জাতীয় শিক্ষা-পরিষৎ যে নূতন জীবনের আরম্ভেই বাঙ্গালা ভাষা ও সাহিত্যের প্রতি সমুচিত আদর দেখাইবেন, তাহা বলাই বাহুল্য। জাতীয় শিক্ষা-পরিষৎ যে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যের অনুকূল হইবেন, তাহা তাঁহার স্বীকৃত নামকরণ হইতেই বুঝা যায়। সাহিত্য-পরিষদের হিতৈষিবৃন্দ ও কর্ম্মাধ্যক্ষ-গণের মধ্যে অনেকেই শিক্ষা-পরিষদের কার্য্য পরিচালনায় নিযুক্ত রহিয়াছেন। ইহাও পরিষদের পক্ষে শ্লাঘার বিষয়। আলোচ্যবর্ষের শেষভাগে জাতীয় বিদ্যালয়ের গৃহে পরিষদের কতিপয় অধিবেশন হইয়াছে। ইহাতেও উভয় পরিষদের প্রীতিবন্ধনের পরিচয় পাওয়া যায়। শিক্ষা-পরিষদের ব্যবস্থানুসারে বাঙ্গালা ভাষার সাহায্যেই নিম্ন ও উচ্চ উভয়বিধ শিক্ষাই প্রদত্ত হইয়া থাকে ও পরীক্ষাকার্য্যে বাঙ্গালা সাহিত্যের স্থান ইংরাজী সাহিত্যের উপরে নির্দ্দিষ্ট হইয়াছে।

আয় ব্যয় বিবরণ—আলোচ্যবর্ষের প্রারম্ভে গত বর্ষের ১৯১৫ টাকা উদ্বৃত্ত ছিল এবং আলোচ্যবর্ষের শেষে সর্ব্বপ্রকারে আয় ৪১০৮।৶০ টাকা, অতএব মোট আয় ৪১২৭।৶১৫ টাকা। গতবর্ষের সর্ব্বপ্রকারে ব্যয় ৩৮৯৬৷৷১৫ টাকা বাদে বর্ষশেষে ২৩০৸৶০ টাকা উদ্বৃত্ত হইয়াছে।

পরিষদের দেনা পাওনা—আলোচ্য বর্ষের শেষে কলিকাতা ও মফস্বলের সদস্যগণের মধ্যে যাহাদিগের নিকট চাঁদা উসুলের আর কোন সম্ভাবনা নাই এরূপ সদস্যগণের হিসাব ব্যতীত কলিকাতাবাসী সদস্যগণের নিকট ২৫০৬৲ টাকা ও মফস্বলের সদস্যগণের নিকট ২ ৫৯৲ টাকা

মোট ৪৬৬৫৲ টাকা চাঁদা বাকী আছে। পত্রিকার গ্রাহকগণের নিকট পত্রিকার বার্ষিক মূল্য হিসাবে ৫৭৸০ টাকা বাকী আছে। পরিষদের সাধারণ তহবিল হইতে অন্য তহবিলে হাওলাত আছে ২৮৵০; অতএব আলোচ্যবর্ষের শেষে পরিষদের মোট পাওনা আছে ৪৭৫০৸৵০ টাকা। আলোচ্যবর্ষের শেষে পরিষদের ছাপাই খরচ, আসবাব খরিদ, দপ্তরীর বিল, পুস্তক খরিদের বিল ও স্থায়ী তহবিলে কর্জ্জ প্রভৃতিতে মোট দেনা আছে ৯৯২৶১০ টাকা।

আগামী বর্ষের আনুমানিক আয় ব্যয়—গত তিন বৎসরের আয় ব্যয় বিবরণের গড়পড়তা হিসাব করিয়া কার্য্য নির্ব্বাহক সমিতি আগামী বৎসরের জন্য বজেট প্রস্তুত করিয়াছেন; উহা পরিশিষ্টে দ্রষ্টব্য।

উপসংহার—ত্রয়োদশবর্ষের এই কার্য্য-বিবরণ উপস্থিত করিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি উপসংহারে জানাইতেছেন যে সদস্যগণ মনোযোগী হইলে পরিষদের যে সামান্য দেনা আছে তাহা শোধ হইয়া ইহার স্থায়ী তহবিলে সচ্ছন্দে চারি হাজার টাকা অতি সহজে জমিতে পারে। যাঁহাদের নিকট চাঁদা বাকী আছে পরিষদের এরূপ প্রত্যেক সদস্যের নিকট অতি বিনীতভাবে তাহা আদায়ের প্রার্থনা করিতেছি। ইতি—

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কার্য্যালয়।
২১শে বৈশাখ,
১৩১৪ বঙ্গাব্দ

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
সম্পাদক

উপহৃত পুস্তক ও উপহারদাতৃগণের নাম।

শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ,—Henry Derogio.

„ অতুলচন্দ্র মিত্র,—মহাব্রত।

„ আশুতোষ মজুম্দার,—গৌড়ে ব্রাহ্মণ।

„ কেদারনাথ মজুমদার। ময়মনসিংহের ইতিহাস, চিত্র।

শ্রীমতী কুমুদিনী মিত্র বি, এ,—শিখের বলিদান, মেরী কার্পেণ্টার।

শ্রীযুক্ত কৃষ্ণনাথ সেন,—জীবন প্রসূন।

„ গিরিশচন্দ্র দে বি, এ,—আর্য্যযুবক সুহৃদ।

„ গিরিশচন্দ্র দত্ত,—সনাতন ধর্ম্ম শিক্ষা।

„ গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়,—কালার কথা।

„ জ্ঞানচন্দ্র বসাক,—সুরাপান বা বিষ পান, Laveters, Essays on Physiognomy Alliance Prise Essoys.

„ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়,—সিদ্ধাশ্রম, স্বদেশরেণু।

„ চন্দ্রশেখর কালী L. M. S.—স্ত্রী-সর্ব্বনামের পরিভাষা।

শ্রীমতী জগত্তারিণী দাসী,—লাট কার্জ্জন।

শ্রীযুক্ত তমোনাশচন্দ্র চট্টোপাধ্যায়,—সন্ধ্যাদীপিকা।

„ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী,—বিধবাবেদন নিষেধক, রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮৬১ খৃঃ), মহারাজা কৃষ্ণচন্দ্র রায়ের জীবনচরিত, ধর্ম্মসংস্থাপনাকাঙ্ক্ষীর প্রশ্ন।

শ্রীযুক্ত ধর্ম্মানন্দ মহাভারতী,—বঙ্গের ব্রাহ্মণ বংশ।

„ নিখিলনাথ রায় B. L.—প্রতাপাদিত্য, সোণার বাঙ্গলা।

„ নগেন্দ্রনাথ বসু,—রহস্য সন্দর্ভ।

„ নারায়ণদাস তপস্বী—বন্দে মাতরম্, ভারতোচ্ছ্বাস।

„ নিত্যস্বরূপ ব্রহ্মচারী—শ্রীসংকল্প কল্পদ্রুম, শিখরিণী, রাধাকৃষ্ণকৃপামৃত, সাধককণ্ঠহার, ব্রজমণ্ডল পরিক্রমা, একান্নপদ, প্রেম-সম্পুটঃ, পুনর্জ্জন্ম, মনঃশিক্ষা, শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকা, শ্রীচমৎকার-চন্দ্রিকা, সর্ব্বসম্বাদিনী, শ্রীচৈতন্য-চরিতামৃতম্—আদিলীলা, মধ্যলীলা, অন্তলীলা, শ্রীরায়শেখরের অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলী, শ্রীকৃষ্ণ-ভাবনামৃত মহাকাব্য, শ্রীবৃহদ্ভাগবতামৃত, স্তবপুষ্পাঞ্জলি, বেদান্তসার।

„ নলিনীকান্ত চট্টোপাধ্যায়,—বত্রিশ সিংহাসন (১৮০১ খৃঃ)

শ্রীযুক্ত নিবারণচন্দ্র চৌধুরী,--কার্পাস চাষ, রসায়ন-পরিচয়।

„ প্রমথনাথ সাহা,– বাঙ্‌লা অভিধান (হস্তলিখিত)

ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়—নব্যরসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি।

„ ব্রজসুন্দর সান্যাল,--মুসলমান বৈষ্ণব কবি (৪র্থ খণ্ড)।

„ বসন্তরঞ্জন রায়—Gerstacker's Travels, Works of Francis Rabelais, The History of Pendannis, The Mosquito Shore, Napoleon in Exile, Stories by an Archaeologist, Lives of the Queens of England, Travels in Europe and the East, Recollections of an adventure, Vol I and II, Wild adventures in Australia and New South Wales, Thesaurus of English and Hindusthani Words,—technical terms, The Ambassador's Secretary, Chamber's Repository of instructive and amusing Tracts, Zeah or Jewish Maiden, Gilbert Gurney, The Doctrine of the Trinity, Life of Prince Consort, Narrative স্ত্রীগণের বিদ্যাশিক্ষা, স্ত্রীপুরুষের তীর্থযাত্রা, চিঠিপত্র, সুরুচির ধ্বজা, তুমি কে, বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত নহে, পুরাণানুক্রমণিকা, পাঁচালী, গৌড়ীয় ব্যাকরণ, পঞ্জাবেতিহাস, ব্যবহার-বিচারশব্দাভিধান, গীতরত্ন, বিলাপমালা, ভারতীয় উপন্যাস, বিদ্যাসুন্দর নাটক, সরমা নাটক, যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক, মুগ্ধবোধ ব্যাকরণ, রাজা হরিশ্চন্দ্রের উপাখ্যান, ভূগোল, জ্ঞানকৌমুদী, বেনজির বদরেমুনির (মছনবি), কবিতাবলী (ঈশ্বর গুপ্ত), প্রবোধ-চন্দ্রিকা, কালিকামঙ্গল, শব্দার্থ-রত্নাকর, রাজস্থান, তত্ত্ববোধিনী পত্রিকা (১ম সং), বঙ্গদূত, জ্ঞান-সঞ্চারিণী পত্রিকা, সংবাদ-ভাস্কর (১২৬৩), মহারাণীর ঘোষণাপত্র, ১৮৩১ সালের ৫ আইন, ১৮২৪ সালের ৬ আইন, ১৮১৭ সালের ২৩ আইন, সমাচার-দর্পণ (১২৩৩), কৃত্তিবাসী রামায়ণ উত্তরকাণ্ড, পত্রকৌমুদী, হিন্দু ও মুসলমান রাজগণের বংশ-তালিকা (হস্তলিখিত ১২৩৪), গঙ্গাভক্তি-তরঙ্গিণী, বেদান্ত-দর্শন, গীতা-সমালোচনা, কর্ম্মযোগ ১ম লেকচার, ঐ ২য় লেকচার, রামরসায়ন (লঙ্কাকাণ্ড)।

শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী,-- শ্যামাসঙ্গীত, Tagore Pictures, গীতলহরী, বল্লাল-চরিতম্, Centenary Review of the Asiatic Society of Bengal.

„ বিহারীলাল রায়—স্বদেশগাথা, শোকগাথা, বিক্রমোর্ব্বশী।

„ মুনীন্দ্রপ্রসাদ সর্ব্বাধিকারী—গার্হস্থ্য ও সন্ন্যাস, মানস-সরোবর।

„ মৌলবী সেখ আবদুল জব্বর--মক্কা শরীফের ইতিহাস।

শ্রীযুক্ত যতীন্দ্রমোহন বাগচী বি, এ,—লেখা।

শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সমাদ্দার,--Grain Banks.

শ্রীযুক্ত যতীন্দ্রমোহন সিংহ বি, এ,--উড়িষ্যার চিত্র, সাকার ও নিরাকার তত্ত্ববিচার।

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর—ইতিহাস—দিগ্দর্শন পত্রিকা ১ম ভাগ, দিগ্দর্শন পত্রিকা

১৮২০ খ্রীষ্টাব্দ, বুটনদের স্বীয় বিবরণ সঞ্চয় (১৮২০), প্রাচীন ইতিহাস সমুচ্চয়, ঐ, সত্য ইতিহাস সার, ভারতবর্ষের ইতিহাস ১ম ভাগ, ঐ ২য় ভাগ, গ্রীকদেশের ইতিহাস, বাঙ্গালার ইতিহাস, ঐ ২য় ভাগ, ইহুদীয় লোকদিগের বৃত্তান্ত সংক্ষেপ সংগ্রহ, বিদ্যাকল্পদ্রুম ১ম কাণ্ড, ঐ ৪র্থ কাণ্ড, সারাবলী অথবা ভারতবর্ষীয় ইতিহাস সার সংগ্রহ, পঞ্জাবেতিহাস, লর্ড ক্লাইব, মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের জীবন চরিত, মহম্মদের জীবন চরিত ও মহম্মদীয় রাজ্যের পুরাবৃত্ত, অদ্ভুত ইতিহাস বা সেকেন্দার সাহেব দিগ্বিজয়, মুসলমানদিগের অভ্যুদয়ের সংক্ষেপ বিবরণ।

বিজ্ঞান।

গোলাধ্যায়, জ্যোতির্বিদ্যা, পদার্থবিদ্যাসার (উইলিয়ম্ ইয়েটস্) ৩ খানি, ভূগোল, পদার্থ-বিদ্যাসার (সমাচার চন্দ্রিকা), উদ্ভিজ্জবিদ্যা, প্রাকৃত ভূগোল, হিন্দি বীজগণিত, সেরপুর বিবরণ, হ্যামিল্টন ইষ্টইণ্ডিয়া গেজেটীয়ার।

নানা বিষয়ক।

কীথসাহেবের বঙ্গভাষার ব্যাকরণ, New Testament ১ম ভাগ, ঐ ২য় ভাগ, সদ্ধর্ম্ম নিরূপন ১ম ভাগ, কামধুক্ দীপিকা, সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা ১ম সংস্করণ, বর্ণমালা ২য় সংখ্যা, প্রশস্তি প্রকাশিকা গ্রন্থ, সঙ্গীত রস মাধুরী, দর্শন দীপিকা, Vindication of the Hindus, মনোরঞ্জন ইতিহাস, বিদ্যাকল্পদ্রুম ৩য় কাণ্ড, বালকরঞ্জন, জ্ঞানরত্নাকর, ধর্ম্ম-পুস্তকের প্রামাণ্য, সুসমাচার প্রকাশকের সহচর, ইংলণ্ড দেশের ধর্ম্মারুণোদয়, বাল্মীকি রামায়ণ (আদিকাণ্ড), জ্ঞান চন্দ্রিকা, পতিব্রতোপাখ্যান, বৈধব্য ধর্ম্মোদয়, মালতীমাধব নাটক, চারুপাঠ ১ম ভাগ, স্বভাবদর্পণ ১ম ভাগ, আনন্দার মুহেলী, ভদ্রার্জ্জুন নাটক, জগচ্ছবি, হাতেমের উপাখ্যান, বিশ্বশোভা, অশুভ পরিহার অর্থাৎ বিধবা বিবাহের ঔচিত্য বিচার, মুগ্ধবোধ ব্যাকরণ, জ্ঞানার্ণব, ভাগীরথী স্তোত্রমালা, সানুবাদ আনন্দ লহরী, ডাকের কথা, সদর দেওয়ানী আদালতের সার্কুলার, ব্যবস্থা দর্পণ, ঐ, বিদ্যাদর্পণ, কৃষ্ণদাস রচিত ভক্তমাল।

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, দুর্গালীলাতরঙ্গিণী, বন্দেমাতরম্, বিজ্ঞানপাঠ, সুখপাঠ, বাল্যসখা, হিন্দু, প্রতাপ সিংহ, ভারতবর্ষের ইতিহাস, লীলাবসান, বঙ্গলক্ষ্মীর ব্রতকথা, ব্যাধি ও প্রতিকার, বেদ সংহিতা, হেমজ্যোতিঃ, ব্রহ্মসঙ্গীত ও সংকীর্ত্তন, চণ্ডীদাস চরিত, নিম্ন-প্রাথমিক বৈজ্ঞানিকপাঠ, নিম্নপ্রাইমারী রীডার, দেরাতুন, মুসৌরী ও হরিদ্বার, রামচন্দ্র-গীতাবলী, আর্য্যরমণীর শিক্ষা ও স্বাধীনতা, অধ্যাত্মধর্ম্ম ও অজ্ঞেয়বাদ, সেবকের নিবেদন, ছাত্রপাঠ, ব্যাকরণ-প্রবেশিকা, মহাভারত (হিতবাদী), রামায়ণ, বিষ্ণুপুরাণ, তুলসীদাসী রামায়ণ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বীরমালা, কৃষ্ণভক্তিরসামৃতম্, Report of the Howrah Amta Railway, Census of India vol I. 1901, A Dictionary of Economic Products of India, Gazetteer of the Bombay Presidency, A Historical Sketch of the Brahma Samaj, Bengal Technical Institute, High-handed proceedings

of an official Municipal Chairman of Calcutta, Opinions of Mofussil Landholders on the Bengal Tenancy Bill, Hinduism and the Age of Consent Bill, An Appeal to the Viceroy to save the Hindu religion by the substitution of puberty for twelve years of age in the Consent Bill, A Pinch of common Salt, A Memorial of Hindu inhabitants of Bengal, Behar, and Orissa to the Governor General of India in Council against the proposed Act for altering the Hindu Law of Inheritance, On University Education and Draft Regulations, The Congress and Conferences of 1905, A full Report of the Public Meeting in honour of Lord Northbrook, A Petition of the British Indian Association, Notices of Sanskrit Mss, Convocation address of Sir A. Pedler, Proceedings of the Town Hall meeting regarding Swami Vivekananda, Full and corrected Report of the Town Hall meeting regarding the administration of the Earl of Canning, Full and correct Report of Meeting in honor of Wm. Grey, The study of Sanskrit, Age of consent, Three Eassays by Rajendra Chandra Shastri, Indian Missionaries to foreign lands in the Buddhistic Age, Biography of Sir Steuart Bailey, Bengali Grammar, Easy steps in Logic, The Ramayan of Valmiki, A note on the sanitary condition of Jessore and how to improve it, The Cause and prevention of fever, Report of the Calcutta University Institute, The Development of the Calcutta University, Post-graduate Instruction and Research, An Address by A. E. Grant I. M. S., Home Government Notifications corrected up to 1897, Collin's Shilling Atlas, Catalogue of Indian Industrial Exihibition 1906—7. Report of the Inspection of Calcutta Colleges, Ditto of the Mofussil Colleges 2 parts.

শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর (ডাক্তার)—সংক্ষিপ্ত শরীরতত্ত্ব, ভৈষজ্যরত্নাবলী, ভিষক্ সুহৃদ্, কর-সংহিতা, সংক্ষিপ্ত ভৈষজ্য তত্ত্ব, প্লেগ, রোগী-পরিচর্য্যা।

৺ রমেশচন্দ্র বসু—East India and Colonial Magazine for July 1838,

শ্রীযুক্ত রেবতীমোহন চক্রবর্ত্তী,—হিন্দুবিজ্ঞান সূত্র।

" লক্ষ্মণচন্দ্র মজুমদার—সত্যবেদ।

" ললিতকুমার বন্দ্যোপাধ্যায় এম্, এ,—আকাশনভুয়া নাটক, চিন্তা-মঞ্জরী, প্রসাদ, ত্রিবেণী, পৃথ্বীসন্ধান, কবিতা-বিলাস, এলোকেশী, শুনঃশেপ বা নরমেধ যজ্ঞ,

লিসিদাস, আমার দেশ, ভারত-উৎসব, মুকুল, পাণ্ডব-বনবাস, A Collection of Fables (1807).

„ ললিতচন্দ্র মিত্র এম্, এ,—বন্দেমাতরম্, স্বদেশ-প্রেম।

„ শশিভূষণ ভট্টাচার্য্য,—মহামহোপাধ্যায় রাখালদাস ন্যায়রত্ন মহাশয়ের কাশীবাস।

„ শচীশচন্দ্র চট্টোপাধ্যায় বি, এ,—বাঙ্গালীর বল।

„ শশধর রায় এম্, এ,—রাঘববিজয়, উপনিষদ্-গ্রন্থাবলী, শান্তিশতক।

